

বার্ষিক প্রতিবেদন ২০২২



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা ৯২০৩, বাংলাদেশ।

বার্ষিক প্রতিবেদন ২০২২



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা ৯২০৩, বাংলাদেশ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
বার্ষিক প্রতিবেদন ২০২২

চ্যাম্পেলর

জনাব মোঃ আবদুল হামিদ

মহামান্য রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ভাইস-চ্যাম্পেলর

প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রো-ভাইস চ্যাম্পেলর

প্রফেসর ড. সোবহান মিয়া

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বার্ষিক প্রতিবেদন ২০২২

প্রধান পৃষ্ঠপোষক

প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার

ভাইস-চ্যান্সেলর

পৃষ্ঠপোষক

প্রফেসর ড. সোবহান মিয়া

প্রো-ভাইস চ্যান্সেলর

সম্পাদনা পর্ষদ

সভাপতি

প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ

সদস্য

প্রফেসর ড. জহির উদ্দিন আহাম্মদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

আরেফিন আহমেদ শুভ, সহকারী অধ্যাপক, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ

মোঃ মনিরুজ্জামান, সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর

সদস্য-সচিব

মনোজ কুমার মজুমদার, সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা

প্রকাশকাল

১২ অক্টোবর, ২০২৩ খ্রি:

প্রকাশনায়

জনসংযোগ ও তথ্য শাখা, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মুদ্রণ

কাকন প্রিন্টিং এন্ড পাবলিকেশনস্

৪০, জাহান মঞ্জিল, বেণীবাবু রোড, খুলনা

মোবাইল: ০১৯৩২ ২৫৯২৬৫



ভাইস-চ্যান্সেলরের শুভেচ্ছা

১৯৬৭ সালে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে প্রতিষ্ঠিত হয়ে, ১৯৬৮ সালে ভিত্তি প্রস্তর স্থাপন এবং ১৯৭৪ সালের ০৩ জুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ নির্দেশনায় একাডেমিক কার্যক্রম শুরু হয়ে ১৯৮৬ সালের ০১ জুলাই এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি), খুলনায় পরিণত হয় এবং ২০০৩ সালের ০১ সেপ্টেম্বর খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়।

বর্তমানে সরকার কর্তৃক ঘোষিত ভিশন ২০৪১ অনুযায়ী বাংলাদেশকে একটি উন্নত-সমৃদ্ধ দেশ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় প্রকৌশল ও প্রযুক্তি সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার প্রসার ও গবেষণা দ্বারা নতুন নতুন জ্ঞান সৃষ্টি, আধুনিক ও উন্নত প্রযুক্তি উদ্ভাবন এবং দক্ষ জনবল তৈরিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমি এটা জেনে অত্যন্ত আনন্দিত যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মকাণ্ডভিত্তিক প্রকাশনা বার্ষিক প্রতিবেদন ২০২২ প্রকাশিত হচ্ছে। বার্ষিক প্রতিবেদন প্রকাশ এ বিশ্ববিদ্যালয়ে এবারই প্রথম। বার্ষিক প্রতিবেদন কোন বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের শিক্ষা, গবেষণা, প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রমের দালিলিক প্রমাণ ও প্রতিচ্ছবি হিসাবে বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে আরো বেগবান করে বলে আমার বিশ্বাস। বার্ষিক প্রতিবেদনে প্রদত্ত তথ্যাবলি এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কাজে সক্ষমতা ও উন্নয়নে গতিশীলতা আনতে সহায়ক হবে এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নে এ প্রকাশনা ইতিবাচক ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। এছাড়া জাতীয় এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে এ বিশ্ববিদ্যালয়ের সুনাম ও যোগ্যতা তুলে ধরতে এ প্রকাশনা বিশেষ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। জাতীয় ও আন্তর্জাতিক শিক্ষা নীতিমালার ভিত্তিতে গবেষণা পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন পরিকল্পনায় অগ্রাধিকার নির্ধারণ, গবেষণা কর্মকাণ্ড মূল্যায়ন, কর্মসূচি সমন্বয় এবং প্রকৌশল ও প্রযুক্তি গবেষণার মান উন্নয়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা খুবই গুরুত্বপূর্ণ। শিক্ষা, গবেষণা ও প্রকাশনা ক্ষেত্রে অর্জিত সাফল্য ও অন্যান্য কার্যক্রম নিয়ে তথ্যভিত্তিক এই বার্ষিক প্রতিবেদন ভবিষ্যতে শিক্ষার্থী ও গবেষকদের জন্য মূল্যবান উপকরণ হিসেবে কাজে লাগবে। আমি মনে করি প্রতিবেদনটি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে বিশেষ ভূমিকা রাখবে। এ বিশ্ববিদ্যালয় নানা সীমাবদ্ধতার মাঝেও প্রকৌশল ও প্রযুক্তির বিভিন্ন শাখায় শিক্ষা প্রদান, গবেষণা সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের আধুনিকায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এছাড়াও শিক্ষার্থীদের নৈতিক চরিত্রগঠন, সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতনতা ও প্রতিরোধমূলক বিভিন্ন সেমিনার, বিজ্ঞান ও প্রযুক্তির নয়া উদ্ভাবন, সাংস্কৃতিক অনুষ্ঠান, বনভোজন, বিতর্ক, প্রবন্ধ ও রচনা প্রতিযোগিতাসহ নানাবিধ পাঠ্যক্রম বহির্ভূত শিক্ষা ও সাংস্কৃতিক কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে।

সর্বোপরি শ্রমসাধ্য এই কর্মযজ্ঞটি যথাসময়ে সম্পন্ন করার জন্য বার্ষিক প্রতিবেদন সম্পাদনা কমিটির সকল সদস্যকে এবং জনসংযোগ ও তথ্য শাখাকে ধন্যবাদ জানাচ্ছি এবং তাদের অক্লান্ত পরিশ্রম ছাড়া এ প্রতিবেদন প্রকাশনা সম্ভবপর ছিলো না বলে আমি মনে করি। আমি তাদের সকলকে কৃতজ্ঞতার সাথে ধন্যবাদ জানাই। একই সাথে এ প্রতিবেদনটি প্রকাশে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যের সার্বিক সহযোগিতা বিশেষভাবে স্মরণ করছি।

আমি বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করি।

প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার
ভাইস-চ্যান্সেলর



প্রো-ভাইস চ্যান্সেলরের শুভেচ্ছা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২২ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, সংস্কৃতি, অবকাঠামো উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডের যাবতীয় তথ্যের প্রামাণ্য দলিল হিসেবে এই প্রতিবেদনের গুরুত্ব অপরিসীম।

বার্ষিক প্রতিবেদনে একটি প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রম ও নানা অর্জনের চিত্র পাওয়া যায়। যার ফলে পরবর্তী বছরের পরিকল্পনা ও কর্মসূচি গ্রহণে তা সহায়ক হয়। এ বিশ্ববিদ্যালয়ের প্রথম বার্ষিক প্রতিবেদন ২০২২ প্রকাশিত হওয়ায় আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি এবং একই সাথে এ প্রকাশনার সাফল্য কামনা করছি।

বিশ্ববিদ্যালয়ের সকল অনুযদ, বিভাগ, হল ও দপ্তর থেকে তথ্যাদি সংগ্রহ করে প্রতিবেদন প্রণয়নপূর্বক মুদ্রণ কাজটি সুচারুরূপে সম্পন্ন করার জন্য বার্ষিক প্রতিবেদন সম্পাদনা কমিটির সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। তাঁদের অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিবেদনের গুণগত মান বৃদ্ধি পেয়েছে। আমি মনে করি, এই প্রতিবেদনটি সংশ্লিষ্ট বছরের বিশ্ববিদ্যালয় সম্পর্কিত একটি তথ্যভাণ্ডার। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য এই তথ্যাদি ইতিহাসের মূল্যবান দলিল হিসেবে কাজ করবে। বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর উন্নয়নের চিত্রটিও এ প্রতিবেদন থেকে জানা যাবে। সেই সঙ্গে সরকার ও জনগণের কাছে এই প্রতিবেদন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের জবাবদিহিতার দলিল হিসেবেও বিবেচিত হতে পারে।

প্রফেসর ড. সোবহান মিয়া
প্রো-ভাইস চ্যান্সেলর

মুখবন্ধ

প্রথম বারের মত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২২ প্রকাশিত হতে যাচ্ছে যা সম্পাদনা কমিটির কাছে খুবই চ্যালেঞ্জের বিষয়। প্রকাশনাটি তথ্যবহুল করে নির্দিষ্ট সময়ে মুদ্রণ এবং প্রকাশের ক্ষেত্রে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারের আন্তরিক সহযোগিতা, পৃষ্ঠপোষকতা, গঠনমূলক দিক-নির্দেশনা, গতিশীল নেতৃত্ব ও উপদেশ কমিটির সদস্যদের প্রেরণা যুগিয়েছে। প্রকাশনা পর্ষদের পক্ষ থেকে ভাইস-চ্যান্সেলর মহোদয়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

এই বার্ষিক প্রতিবেদনটি ২০২২ সালের এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের একটি সমন্বিত দালিলিক প্রতিচ্ছবি। এটি একদিকে যেমন বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করবে, অপরদিকে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠান এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কর্মকাণ্ডের গুণগত মান সম্পর্কে স্বচ্ছ ও সম্যক ধারণা লাভে সক্ষম হবে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তর থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত সংযোজন ও সংকলনের মাধ্যমে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে সম্পাদনা পরিষদ ধন্যবাদ জানাচ্ছে।

এই তথ্যভিত্তিক প্রামাণিক গ্রন্থটি আগামী দিনের শিক্ষার্থী ও অনুসন্ধিৎসু ব্যক্তিবর্গের চাহিদা পূরণ করলে আমাদের এ পরিশ্রম ও প্রচেষ্টা সার্থক হবে বলে আমরা মনে করি।

সম্পাদনা কমিটি এ প্রতিবেদনটি নির্ভুলভাবে প্রকাশ করার চেষ্টা করেছে। তা সত্ত্বেও অনিচ্ছাকৃত যে কোনো প্রকারের ভুল-ত্রুটির জন্য সম্পাদনা কমিটির পক্ষ থেকে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

সবার অকৃপণ সহযোগিতা ছাড়া প্রতিবেদনটি প্রকাশ করা সম্ভব হতো না। সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

সম্পাদনা পর্ষদ

বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটি ২০২২

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বার্ষিক প্রতিবেদন ২০২২



ভিশন, মিশন, অবজেক্টিভস ও কোর ভ্যালুস্	১
ইতিহাস ও ঐতিহ্য: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	২
সারসংক্ষেপ: বার্ষিক প্রতিবেদন ২০২২	৭
সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ	২৫
সিভিকিট	২৭
একাডেমিক কাউন্সিল	২৮
অর্থ কমিটি	৩৪
পরিকল্পনা ও উন্নয়ন কমিটি	৩৫
উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি	৩৬
অনুষদ ও বিভাগসমূহ	৩৭
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	৩৯
সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ	৪০
আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ	৫২
বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ	৫৯
আর্কিটেকচার বিভাগ	৬৬
রসায়ন বিভাগ	৬৯
গণিত বিভাগ	৭৩
পদার্থ বিজ্ঞান বিভাগ	৮০
মানবিক বিভাগ	৮৫
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	৮৭
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	৮৮
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	৯৬
ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ	১০৬
বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ	১১৫
ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	১১৯
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	১২২
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	১২৩
ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ	১৩২
এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	১৪০
লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ	১৪৪
টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ	১৫৩
কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ	১৫৯
মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ	১৬১

ইনস্টিটিউট	১৬৩
ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি	১৬৫
ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট	১৬৯
ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি	১৭৩
বিশ্ববিদ্যালয় প্রশাসন	১৭৫
ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়	১৭৭
প্রো-ভাইস চ্যান্সেলর এর কার্যালয়	১৭৮
রেজিস্ট্রারের কার্যালয়	১৭৯
কম্পিউটারের কার্যালয়	১৮৪
পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়	১৮৬
লাইব্রেরীর কার্যালয়	১৮৭
প্রধান প্রকৌশলীর কার্যালয়	১৯০
প্রধান চিকিৎসা কর্মকর্তার কার্যালয়	১৯১
সেন্ট্রাল কম্পিউটার সেন্টার ও আইসিটি সেল	১৯২
পরিচালক	১৯৫
পরিচালক (আইকিউএসি) এর কার্যালয়	১৯৭
পরিচালক (ছাত্র কল্যাণ) এর কার্যালয়	১৯৮
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর কার্যালয়	১৯৯
পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয়	২০১
পরিচালক (সিআরটিএস) এর কার্যালয়	২০৩
আবাসিক হলসমূহ	২০৫
ফজলুল হক হল	২০৭
লালন শাহ হল	২০৮
খানজাহান আলী হল	২১০
ড. এম. এ. রশীদ হল	২১২
রোকেয়া হল	২১৪
অমর একুশে হল	২১৬
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	২১৮
আলোকচিত্র	২২০

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Vision, Mission, Objectives & Core Values

Vision

To become a center of excellence in education, research, and innovation to meet the ever-changing needs of national and global perspectives in engineering and technology.

Mission

- 1) To create a congenial academic environment for education, research, and innovation.
- 2) To produce leaders in different branches of engineering and technology with high academic knowledge, innovative ideas, professional skills to perform civic duties, and ethical standards to meet the needs of the fourth industrial revolution.
- 3) To play a leading role in the socio-economic, environmental, and technological development in the country.
- 4) To undertake collaborative research and projects that offer opportunities for sustainable connectivity with academia and industry in national and global perspectives.

Objectives

- 1) To develop faculty members with the highest degree of professionalism in achieving excellence in teaching-learning, research, and innovation. (M1, M2, M3, M4)
- 2) To review and design curriculum in ensuring both hard and soft skills needed to fit the learners with the requirement of the fourth industrial revolution. (M2)
- 3) To enhance co-curricular activities in developing leadership skills, citizenship, and moral values of the learners. (M2, M3)
- 4) To develop non-teaching staff with a higher degree of professionalism for contributing as an ancillary force in developing a conducive academic environment. (M1)
- 5) To offer academic programs needed to meet the ever-changing demands of national and global perspectives with the alignment of national and international standards. (M2, M3)
- 6) To disseminate innovative technologies developed by the university to the community. (M3, M4)
- 7) To develop a system of rewarding high-performing professionals and learners. (M1)

Core Values

Academic and Intellectual excellence

Innovation

Integrity

Diversity and inclusiveness

Collaboration

ইতিহাস ও ঐতিহ্য: খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষা আর গবেষণার বদৌলতে মানুষ আজ অনেক অজানাকে জেনেছে, অসাধ্যকে সাধন করেছে এবং পৌঁছেছে উন্নতির স্বর্ণশিখরে। বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষার গুরুত্ব আজ সমগ্র পৃথিবীব্যাপী সমাদৃত ও অনস্বীকার্য। বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গৌরবময় ভূমিকা সর্বজনবিদিত। এ বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা একদিকে যেমন দেশে দক্ষ ও মেধাবী প্রকৌশলীদের অভাব পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে অন্যদিকে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক বিশ্বের খ্যাতনামা প্রতিষ্ঠানগুলোতে কুয়েট গ্রাজুয়েটদের শক্তিশালী অবস্থান এ মহান প্রতিষ্ঠানের মর্যাদাকে অনেক উচ্চ স্তরে পৌঁছে দিয়েছে। এটি বর্তমানে দেশের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষা গ্রহণের পছন্দ তালিকার শীর্ষ রয়েছে। এ অর্জন গর্বের ও আনন্দের। এ বিশ্ববিদ্যালয়ের নিবেদিতপ্রাণ শিক্ষকমন্ডলী, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীগণের ঐকান্তিক প্রচেষ্টায় এটি সম্ভব হয়েছে। এখন সময় এসেছে এ বিশ্ববিদ্যালয়কে উন্নতির শিখরে নিয়ে যাওয়ার। মেধা ও পরিশ্রমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় একদিন সফলতার শীর্ষে পৌঁছে যাবে-এ বিশ্বাস আমাদের সকলের।

দীর্ঘ পথ চলায় সকলের সঠিক সহযোগিতা, আন্তরিকতা এবং নিরলস প্রচেষ্টায় প্রতিষ্ঠানটি আজ স্বীয় মহিমায় ভাস্বর হয়ে সবার হৃদয়ে ঠাঁই করে নিয়েছে। মাত্র ৩টি বিভাগ নিয়ে যাত্রা শুরু হলেও বর্তমানে বিভাগের সংখ্যা ২০টি। এর মধ্যে ১৬টি বিভাগ থেকে স্নাতক ও ১৩টি বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। এই প্রতিষ্ঠান থেকে ইতোমধ্যে ২১ জন পিএইচডি, ১০ জন এমফিল, ১৮৭ জন এমএসসি ইঞ্জিনিয়ারিং, ৮৩ জন এমএসসি, ০৪ জন এমইউআরপি, ২২৯৪ জন বিএসসি ইঞ্জিনিয়ারিং, ১৫৮ জন বিইউআরপি ডিগ্রী অর্জন করেছে। এছাড়া তিনটি ইনস্টিটিউট থেকে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী ডিপ্লোমা ও অন্যান্য উচ্চতর ডিগ্রী অর্জন করেছে।

উত্তরোত্তর যুগোপযোগী নতুন নতুন বিভাগ, শিক্ষার্থী ও শিক্ষক সংখ্যা বৃদ্ধি, শিক্ষাদান পদ্ধতির উন্নয়ন, গবেষণা কার্যক্রমের উৎকর্ষতা বৃদ্ধি, জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে যথাযথ ভূমিকা রাখা, এই সবকিছুই হচ্ছে একটি বিশ্ববিদ্যালয়ের মান নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ সূচক। এ প্রতিষ্ঠানের ঐতিহ্য ও গৌরব অক্ষুণ্ণ রেখে শিক্ষা ও গবেষণার পরিবেশ উন্নত ও সমৃদ্ধ করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় পরিবার নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

প্রতিষ্ঠা ও রূপান্তর

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রয়েছে ঐতিহ্যবাহী ইতিহাস। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত বাংলাদেশের তৃতীয় বৃহত্তম শহর খুলনা নগরীর কেন্দ্রস্থল থেকে ১২ কিলোমিটার উত্তর-পশ্চিম দিকে খুলনা-যশোর মহাসড়কের পাশে ১১৭.৩০২ একর সমতল ভূমির উপর এক নৈসর্গিক শ্যামল-ছায়ায় ঘেরা সবুজের সমারোহের মাঝে ধীরে ধীরে গড়ে উঠেছে এই শিক্ষা প্রতিষ্ঠানটি। ১৯৬৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে প্রতিষ্ঠার অনুমোদনের পর অবকাঠামো তৈরীর পরিকল্পনা নেয়া হয়। তবে স্বাধীনতা সংগ্রামের উত্তাল সময় ও মহান মুক্তিযুদ্ধের সময় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন স্থবির হয়ে পড়ে। ১৯৭১ সালে মহান স্বাধীনতা অর্জনের পর যুদ্ধবিধ্বস্ত দেশটিতে শত সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও অবকাঠামো তৈরীর কাজ সন্তোষজনকভাবে চলতে থাকে। অবশেষে বিভিন্ন প্রতিকূলতার মাঝেও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ নির্দেশে যথাযথ উদ্যোগ গ্রহণের মাধ্যমে ১৯৭৪ সালের ০৩ জুন শিক্ষা কার্যক্রম শুরু হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির অন্তর্ভুক্ত হওয়ায় তৎকালীন কলেজটির শিক্ষা কার্যক্রম সম্বন্ধীয় নীতিমালা নির্ধারিত হত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক। প্রশাসনিক কর্মকান্ড পরিচালনার ভার ন্যস্ত ছিল শিক্ষা মন্ত্রণালয়ের হাতে। স্থাপনা নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব ছিল গণপূর্ত অধিদপ্তরের। শিক্ষক নিয়োগ হতো সরকারি কর্ম কমিশনের মাধ্যমে। পরবর্তীতে ১৯৮৬ সালে ০১ জুলাই দেশের ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজকে একসাথে স্বায়ত্বশাসিত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে উন্নীত করা হয়। যাত্রা শুরু হয় বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি), খুলনার। এটিকে একটি স্বায়ত্বশাসিত ডিগ্রী প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে উন্নীত করা হলেও সীমিত স্বায়ত্বশাসনের কারণে প্রশাসনিক, আর্থিক

ও একাডেমিক কার্যক্রমে সিদ্ধান্তহীনতা ও জটিলতা তৈরী হয়। অতঃপর প্রকৌশল ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সাথে সংগতি রেখে উচ্চশিক্ষা, গবেষণা ও আধুনিক জ্ঞান চর্চার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে ২০০৩ সালের ০১ সেপ্টেম্বর দেশের ৪টি বিআইটিকে একসাথে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হয়। এই প্রতিষ্ঠানটি সৃষ্টির দীর্ঘ ৩৬ বছর পর 'খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' হিসেবে নব উদ্যমে যাত্রা শুরু করে।

খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজের সময়কাল

১৯৭৪ সালে মাত্র ৯ জন শিক্ষক ও ১২০ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু হয় প্রতিষ্ঠানটির। বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদানের উদ্দেশ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪০ জন করে শিক্ষার্থী ভর্তি করা হয়। শুরুতে ছাত্রী সংখ্যা ছিল মাত্র ১ জন। পরে অন্যান্য ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে মাইগ্রেশনের ফলে ২ জন ছাত্রীসহ মোট শিক্ষার্থীর সংখ্যা দাঁড়ায় ১৩৬। এর দুই বছর পর থেকে প্রতিটি বিভাগে শিক্ষার্থী ভর্তির সংখ্যা ৬০-এ উন্নীত করা হয়, যা অনেক দিন অব্যাহত ছিল। তখন ছাত্রাবাসের সংখ্যা ছিল মাত্র ১টি, যা ১নং হোস্টেল নামে পরিচিত ছিল। পরবর্তীতে ছাত্রাবাসটির নামকরণ করা হয় ফজলুল হক হল। শুরুতে প্রতিষ্ঠানটিতে কোন ক্যান্টিন ছিল না। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বয়লার হাউজে অস্থায়ী ভিত্তিতে চালু করা হয় ১টি ক্যান্টিন। অসম্পূর্ণ অবস্থায় বর্তমান স্থাপনায় চালু হয় অডিটরিয়াম। তবে প্রশাসনিক, একাডেমিক, লাইব্রেরী ভবন ও শিক্ষকদের আবাসিক ভবন তৈরীর কাজ মোটামুটি সম্পন্ন হয়। ক্যাম্পাসের অভ্যন্তরে কোন পাকা রাস্তা তখনও নির্মিত হয়নি। বর্তমানে খুলনা-যশোর সড়কের সাথে সরাসরি সংযুক্ত যে রাস্তাটি রয়েছে তা তৈরী হয় ১৯৭৮ সালে। শিক্ষা কার্যক্রম সম্পূর্ণরূপে শুরু হলেও গবেষণাগারের অপ্রতুলতা ছিল প্রকট। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রদের ব্যবহারিক ক্লাস প্রথম বছর সম্পন্ন করা হয় বুয়েটে এবং দ্বিতীয় বছর হয় তৎকালীন রাজশাহী ইঞ্জিনিয়ারিং কলেজে যা বর্তমানে রুয়েট। তবে সিভিল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ব্যবহারিক ক্লাসের জন্য খুলনার বাইরে কোথাও যেতে হয়নি। শুরুতে ইঞ্জিনিয়ারিং কলেজে কোন কর্মকর্তা ছিল না, তবে ১০ জন ওয় ও ৩৯ জন ৪র্থ শ্রেণীর কর্মচারী ছিল। এত সীমাবদ্ধতার মাঝেও নিবিড় ছাত্র-শিক্ষক সম্পর্ক শুরু থেকে তৈরী হয়, ক্যাম্পাসটি ছিল উৎসবমুখর এবং শুরু থেকেই বিরাজমান ছিল শিক্ষা-বান্ধব পরিবেশ। সময়ের সাথে সাথে শিক্ষার্থী-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী সংখ্যা বাড়তে থাকে। পরিকল্পনা অনুযায়ী অবকাঠামো তৈরীর কাজ মোটামুটি সম্পন্ন হয়। মোট ৪টি ছাত্রাবাস তৈরী হয়, তবে কোন ছাত্রী নিবাস তৈরী হয়নি। ছাত্রীরা থাকতো ক্যাম্পাসে অবস্থিত স্কুলের তৃতীয় তলায়। এই সময়ে শিক্ষক সংকট এবং উচ্চ ডিগ্রী সম্পন্ন শিক্ষকের অভাব শিক্ষার মান উন্নয়নে একটি বড় অন্তরায় হয়ে দাঁড়ায়।

সবার নিরলস প্রচেষ্টায় ইঞ্জিনিয়ারিং কলেজ থাকাকালীন সময়ে, ১৯৭৪-১৯৮৬ পর্যন্ত, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে যথাক্রমে ৩৩৩, ২৪৬ এবং ১৩৬ জন সর্বমোট ৭১৫ জন প্রকৌশলী বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন এবং দেশে-বিদেশে মেধা, যোগ্যতা ও দক্ষতার স্বাক্ষর রেখে চলেছেন। সেই সময়ে এই প্রতিষ্ঠানটির শীর্ষ দায়িত্বে ছিলেন পিডি হিসেবে প্রফেসর ড. এম. এন. আযম (১৯৬৯-১৯৭২) ও প্রফেসর ড. মোঃ শামসুদ্দিন আহমেদ (১৯৭২-১৯৭৩) এবং অধ্যক্ষ হিসাবে প্রফেসর মোঃ হায়দার আজম (১৯৭৩-১৯৭৪), প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ (১৯৭৪-১৯৭৯ এবং ১৯৮০-১৯৮২) ও প্রফেসর এম.এ. হান্নান (১৯৭৯-১৯৮০ এবং ১৯৮২-১৯৮৬)।

বিআইটি, খুলনার সময়কাল

১৯৮৬ সালে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজটি বিআইটি, খুলনায় উন্নীতকরণের ফলে সার্বিকভাবে এর প্রশাসনিক, একাডেমিক এবং আর্থিক ক্ষমতা ও ব্যবস্থাপনা পুরোপুরি পাল্টে যায়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি হন দেশের বিআইটিসমূহের ডিরেক্টর। ইউজিসি'র আদলে প্রতিষ্ঠিত হয় কেন্দ্রীয় নিয়ন্ত্রণকারী সংস্থা কাউন্সিল অব বিআইটি, যার চেয়ারম্যান হন পদাধিকার বলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী। কাউন্সিলের কাজ ন্যস্ত থাকে নির্বাহী প্রধান হিসেবে ভাইস-চেয়ারম্যানের হাতে। প্রতিটি বিআইটি পরিচালনার জন্য থাকে পৃথক পৃথক বোর্ড অব গভর্নর্স। স্ব স্ব

বিআইটির কার্যক্রম ন্যস্ত করা হয় নির্বাহী প্রধান হিসেবে পরিচালকের উপর, যিনি ডিজিটরের অনুমোদনক্রমে কাউন্সিল কর্তৃক নিয়োগ লাভ করতেন।

একাডেমিক কাউন্সিল ব্যতীত প্রায় সকল গুরুত্বপূর্ণ কমিটির সভাপতি ছিলেন বোর্ড অব গভর্নর্সের চেয়ারম্যান। সীমিত স্বায়ত্বশাসন নিয়ে বিআইটিগুলো প্রতিষ্ঠিত হলেও পুরোপুরি একাডেমিক স্বাধীনতা অর্জন করে। বিএসসি ইঞ্জিনিয়ারিং কোর্সের পাশাপাশি মাস্টার্স ও পিএইচডি কোর্সসহ বিভিন্ন ধরনের ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদানের ক্ষমতা পায়। বিআইটি, খুলনায় প্রকৌশল বিভাগগুলোতে এমএসসি ইঞ্জিনিয়ারিং ও পিএইচডি কোর্স চালু হয় ১৯৯৪ সালে এবং বিজ্ঞান বিভাগগুলোতে এমফিল ও পিএইচডি কোর্স চালু হয় ২০০০ সালে। তবে এই প্রতিষ্ঠান থেকে প্রথম এমএসসি ইঞ্জিনিয়ারিং, এমফিল এবং পিএইচডি ডিগ্রী প্রদান করা হয় যথাক্রমে ২০০০, ২০০৪ ও ২০০৫ সালে। ১৯৯৯ সালে ৬০ জন শিক্ষার্থী নিয়ে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ চালু হয়। বিভিন্ন অবকাঠামো তৈরী ও নতুন নতুন বিভাগ চালুর উদ্যোগ গ্রহণ করা হয়।

বিআইটি, খুলনার বিদ্যমান প্রশাসনিক ও একাডেমিক অবকাঠামো অক্ষুণ্ন রেখে তা সম্প্রসারণ ও অধিকতর উন্নয়নের জন্য ৭ বছর মেয়াদী ১০১ কোটি টাকার একটি বিশেষ সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প ২০০০ সালে অনুমোদন লাভ করে। বৃদ্ধি পায় শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা। তৈরী হয় নতুন অর্গানোগ্রাম। এই সময়ে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং প্রতিটি বিভাগে পর্যায়ক্রমে শিক্ষার্থী সংখ্যা বেড়ে দাঁড়ায় ১২০ জন। ২০০১ সালে শুরু হয় স্নাতকোত্তর পর্যায়ে ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগ এবং স্নাতক পর্যায়ে ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগ। পরে আইইএম বিভাগে ২০০৬ সালে স্নাতক ও ইসিই বিভাগে ২০১১ সালে স্নাতকোত্তর পর্যায়ে কোর্স চালু করা হয়। এই সময়ে প্রত্যেকটি ছাত্রাবাসের নামকরণ করা হয়, যা হলো ফজলুল হক হল, লালন শাহ হল, খানজাহান আলী হল ও ড. এম. এ. রশীদ হল। এছাড়া দুইটি নতুন হল তৈরীর উদ্যোগ নেয়া হয়। ছাত্রীদের আবাসনের জন্য রোকৈয়া হলের প্রথম পর্যায়ের নির্মাণ কাজ ২০০০ সালে সম্পন্ন হয়। নতুন একাডেমিক ভবনের নির্মাণের কাজও শুরু হয়, তবে প্রথম পর্যায়ের কাজ শেষ হয় ২০০৫ সালে। এই সময়ে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও প্রশাসনিক ভবন তৃতীয় তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয় এবং অন্যান্য অবকাঠামো নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। ২০০১ সালে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট চালুর মাধ্যমে ক্যাম্পাসে ব্যবহারযোগ্য পানি সরবরাহের ব্যবস্থা করা হয়।

বিআইটি, খুলনা সময়কালে (১৯৮৬-২০০৩) সর্বমোট ২৫৬৩ জন বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করে, যার মধ্যে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে যথাক্রমে ৯১৩, ৯০৪ ও ৭২৯ জন। এই সময়ে ১২ জনকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী দেয়া হয়। প্রতিষ্ঠানটির নিজস্ব ক্ষমতাবলে ডিগ্রী প্রদানের জন্য ১৯৯৯ ও ২০০৩ সালে সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিআইটি, খুলনার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর এম. এ. হান্নান (১৯৮৬-১৯৯৭), প্রফেসর জি. এম. হাবিবুল্লাহ (১৯৯৭-১৯৯৮), প্রফেসর ড. এম. এ. সামাদ (১৯৯৮-২০০২) ও প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল (২০০২-২০০৩)।

বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরের পর

২০০৩ সালে বিআইটি, খুলনাকে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ফলে প্রতিষ্ঠানটি বাংলাদেশে বিরাজমান শিক্ষা ব্যবস্থার প্রেক্ষাপটে সত্যিকার অর্থে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়। মহান জাতীয় সংসদে পাশ করা আইন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের সহযোগিতা ও সমন্বয়ে চলে এর কার্যক্রম। বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ক্ষণে বিআইটি খুলনার পরিচালক, আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নিযুক্ত না হওয়া পর্যন্ত দায়িত্ব চালিয়ে যেতে থাকেন। অবশেষে রূপান্তরের ১১ মাস পরে ২৯ জুলাই ২০০৪-এ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. এহসানুল হক প্রথম ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি ২৭ আগস্ট ২০০৬ পর্যন্ত এই দায়িত্বে ছিলেন। এরপর ২০ জুলাই ২০১০ পর্যন্ত ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করেন এই বিশ্ববিদ্যালয়েরই

শিক্ষক প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল। এই বিশ্ববিদ্যালয়েরই শিক্ষক প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ২১ জুলাই ২০১০ খ্রিঃ তারিখে ভাইস-চ্যান্সেলর হিসেবে ৪ বছর মেয়াদে দায়িত্ব গ্রহণ করেন। প্রথম মেয়াদ সফলভাবে সম্পন্ন করার পর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ২০১৪ সালের ০৩ আগস্ট দ্বিতীয় মেয়াদে ভাইস-চ্যান্সেলর হিসেবে পূর্ণরায় দায়িত্ব গ্রহণ করেন এবং ২০১৮ সালের ০২ আগস্ট সফলভাবে দ্বিতীয় মেয়াদ সম্পন্ন করেন। ১৩ আগস্ট ২০১৮ থেকে ১২ আগস্ট ২০২২ পর্যন্ত প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ০১ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারকে এই বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগ দেন, প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার ০৪ সেপ্টেম্বর ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ পান প্রফেসর ড. সোবহান মিয়া, তিনি ২১ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখে যোগদান করেন।

বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রার পর এই প্রতিষ্ঠানের সকলের বিশেষ করে শিক্ষকবৃন্দের সার্বিক সহযোগিতায় অতি অল্প সময়ের মধ্যে বিদ্যমান নিয়ম-কানুনগুলো পরিবর্তন করে বিশ্ববিদ্যালয়ের উপযোগী একাডেমিক, প্রশাসনিক, আর্থিক ও উন্নয়ন কর্মকাণ্ডের নীতিমালা প্রণয়ন করা হয়। পরিবর্তন সূচিত হয় সর্বক্ষেত্রে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের জন্য নতুন একটি অর্গানোগ্রাম অনুমোদনের পর্যায়ে রয়েছে। বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের পর অনুষদ ও ইনস্টিটিউট সৃষ্টি হয়, নতুন নতুন বিভাগ খোলা এবং প্রয়োজনীয় অবকাঠামো তৈরী করা হয়। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে অনুষদের সংখ্যা ৩টি, ইনস্টিটিউট ৩টি এবং বিভাগ ২০টি। বর্তমানে বিদ্যমান অনুষদগুলো হলো সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও মেক্যানিক্যাল ইঞ্জিনিয়ারিং। ২০০৭ সালে স্নাতকোত্তর পর্যায়ে এনার্জি টেকনোলজী (ইটি) যার পরিবর্তীত নাম এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) ও বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগ যাত্রা শুরু করে। ২০১০ সালে খোলা হয় ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), ২০১৩ সালে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম) এবং ২০১৬ সালে ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি (আইইপিটি)। দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য ইনস্টিটিউটসমূহে ইতোমধ্যে প্রশিক্ষণ ও পোস্ট গ্রাজুয়েট কোর্স চালু করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের পর স্নাতক পর্যায়ে ডিগ্রী প্রদানের জন্য ১২টি বিভাগ চালু হয়। বিভাগগুলো হলো আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি), লেদার ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ও মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং।

নতুন নতুন বিভাগ সৃষ্টির ফলে বর্তমানে স্নাতক পর্যায়ে প্রথম বর্ষে ভর্তিকৃত নতুন শিক্ষার্থীর সংখ্যা ১০৬৫ এবং স্নাতকোত্তর পর্যায়ে ৫৩০ জন। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্নাতক, স্নাতকোত্তর, পিএইচডি ও অন্যান্য ক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা যথাক্রমে ৫৯১৬, ১৮০৯, ১৫৩ ও ৬৩ জন।

বর্তমানে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সংখ্যা যথাক্রমে ৪৬৩, ২৩১ এবং ৪৬৮ জন। বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের পর স্নাতকোত্তর পর্যায়ে গবেষণা বৃদ্ধি পেয়েছে। ইতোমধ্যে গ্রাজুয়েটদের ডিগ্রী প্রদানের জন্য ২০০৬ সালে, ২০১২ সালে এবং ২০১৮ সালে ১ম, ২য় ও ৩য় সমাবর্তন অনুষ্ঠিত হয়। ১ম সমাবর্তনে ৮২২ জন স্নাতক, ১৫ জন স্নাতকোত্তর ও ১ জনকে পিএইচডি ডিগ্রী; ২য় সমাবর্তনে ২৪৪১ জনকে স্নাতক, ১০৮ জনকে স্নাতকোত্তর ও ৬ জনকে পিএইচডি ডিগ্রী; ৩য় সমাবর্তনে ২৭৯৫ জনকে স্নাতক, ২২১ জনকে স্নাতকোত্তর ও ৮ জনকে পিএইচডি ডিগ্রী প্রদান করা হয়।

নতুন নতুন বিভাগ ও শিক্ষার্থী বৃদ্ধির সাথে সাথে অবকাঠামো উন্নয়নের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এই বিষয়ে শুরু থেকেই সরকার তথা ইউজিসি, শিক্ষা মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন সহযোগিতা করে আসছে। এই বিশ্ববিদ্যালয়ে ‘খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অবকাঠামো সুবিধাদি উন্নয়ন’ নামে ১২২.৯৮ কোটি টাকার একটি উন্নয়ন প্রকল্পের কাজ সফলভাবে সমাপ্ত হয়। প্রকল্পটি বাস্তবায়নের ফলে অবকাঠামোগত বেশ অগ্রগতি সম্পন্ন হয়। সেন্ট্রাল লাইব্রেরীকে পুরাতন ভবন থেকে নতুন একাডেমিক ভবনে স্থানান্তর করা হয় ২০০৭ সালে এবং একই সাথে লাইব্রেরী ভবনটি সংস্কার করে সেন্ট্রাল কম্পিউটার সেন্টারে রূপান্তরিত করা হয়। ছাত্রদের আবাসনের জন্য ২০০৬ ও ২০১৩ সালে চালু করা হয় যথাক্রমে

অমর একুশে হল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল এবং ২০০৭ সালে চালু করা হয় ব্যাচেলর ডরমিটরী এবং পরিকল্পনা ও প্রকৌশল ভবন।

বিশ্ববিদ্যালয়ে নির্মিত হয় আধুনিক স্থাপত্য ধারণা সম্বলিত দৃষ্টি নন্দন মেইন গেট, মহান মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য “দুর্বীর বাংলা”, বঙ্গবন্ধুর ভাস্কর্য, আধুনিক সুযোগ সুবিধাসহ মেডিকেল সেন্টার, গেস্ট হাউজ কাম ক্লাব ভবন, সিনিয়র শিক্ষকদের আবাসিক ভবন, হাই-ভোল্টেজ ল্যাব, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ওয়ার্কশপ, রোকেয়া হলের নতুন ব্লক, সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও প্রশাসনিক ভবনের সম্প্রসারণ, বিজ্ঞান ভবনের গ্যালারীসহ বিভিন্ন হলের সংস্কার, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার কাম সেন্ট্রাল ক্যাফেটেরিয়া, মুক্ত মঞ্চ, শহীদ মিনার, ইউআরপি ও আর্কিটেকচার ভবন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ওয়ার্কশপ, অডিটোরিয়ামের সংস্কার, ক্যাম্পাসের রাস্তা ও অন্যান্য পুরাতন ভবন সংস্কার, খেলার মাঠের আয়তন বৃদ্ধি, আন্তর্জাতিক মানের ক্রিকেট পিচ তৈরী ও সংস্কার।

বর্তমানে “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক একটি মেগা প্রকল্প চলমান রয়েছে। “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ” প্রকল্পের অনুমোদিত ব্যয় ৮৩৮৩৬.৯৮ লক্ষ টাকা। আগামী বছর প্রকল্পের ১ম সংশোধন অনুমোদিত হবে বলে আশা করছি। প্রকল্পটির মধ্যে রয়েছে ভূমি অধিগ্রহণ, লালন শাহ হলের হরিজেন্টাল সম্প্রসারণ (ফেজ-১), খানজাহান আলী হলের হরিজেন্টাল সম্প্রসারণ (ফেজ-১), নতুন অধিগ্রহণকৃত ভূমির উন্নয়ণ, অভ্যন্তরীণ আরসিসি রাস্তা (ফেজ-১), পুরাতন ১২ ও ১৩ নং আবাসিক ভবন ও মেকানিক্যাল ওয়ার্কশপের সংস্কার (ফেজ-১), ১০ তলা বিশিষ্ট কর্মচারী আবাসিক ভবন, ৩৩/১ কেভি সাব-স্টেশন, স্লাবসহ সারফেস ড্রেন (ফেজ-১), ৫ তলা বিশিষ্ট শিক্ষক ও কর্মকর্তা ডরমেটরী ভবন, নতুন অধিগ্রহণকৃত ভূমিতে গ্রীণ বাউন্ডারী, লালন শাহ হলের হরিজেন্টাল সম্প্রসারণ (ফেজ-২), অভ্যন্তরীণ আরসিসি রাস্তার সাব-বেস ও কালভার্ট, ১০ তলা বিশিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের আবাসিক ভবন, লেক খনন, ৫ তলা বিশিষ্ট ফরেন স্টুডেন্ট ডরমেটরী ও ভিজিটিং ফ্যাকাল্টি ভবন, রিটেইনিং ওয়াল, খানজাহান আলী হলের হরিজেন্টাল সম্প্রসারণ (ফেজ-২), অভ্যন্তরীণ আরসিসি রাস্তা (ফেজ-২), ওয়ার্কশপ, গ্যারেজ ও কেন্দ্রীয় মসজিদের সংস্কার ও রিনোভেশন, ওভারহেড ওয়াটার ট্যাংক, বাইরের গ্রীণ বাউন্ডারী, বিভিন্ন ল্যাব যন্ত্রপাতি ইত্যাদি।

‘ওয়েস্ট ম্যানেজমেন্ট প্লান্ট’ স্থাপন এবং ‘গ্রীণ ওয়াচম্যান’ কার্যক্রমের মাধ্যমে একটা পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ে তোলা হয়েছে। ক্যাম্পাসে জনতা ব্যাংক ও ডাচ বাংলা ব্যাংকের এটিএম বুথ চালু করা হয়েছে। জনতা ব্যাংক নিজস্ব উদ্যোগে পোস্ট অফিসের পাশে ক্যাম্পাস অভ্যন্তরে নিজস্ব ভবন নির্মাণ করেছে। শিক্ষার্থীদের মননশীলতার ধারাবাহিক বিকাশের লক্ষ্যে বিভিন্ন সহশিক্ষা কার্যক্রম সৃষ্টি ও সুন্দরভাবে চলার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দৃষ্টিনন্দন ও পরিবেশ বান্ধব ক্যাম্পাস গড়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের প্রবেশদ্বারে ২০১৫ সালে খনন করা হয় একটি নয়নাভিরাম লেক।

২০০৯ সাল থেকে এ বিশ্ববিদ্যালয়ে চারটি শাখায় নিয়মিতভাবে আন্তর্জাতিক কনফারেন্স হয়ে আসছে, যা হলো-বর্জ্য ব্যবস্থাপনার উপর WasteSafe, মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ও এনার্জি ইঞ্জিনিয়ারিং এর উপর ICMIEE, সিভিল ইঞ্জিনিয়ারিং এর উপর ICCESD, ইলেকট্রিক্যাল ইনফরমেশন ও কমিউনিকেশন প্রযুক্তির উপর EICT ও ইনফরমেশন ও কমিউনিকেশন টেকনোলজির উপর ICICTD। বিশ্বের নামকরা বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সাথে রয়েছে একাডেমিক ও রিচার্স Collaboration। সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের উদ্যোগে সাত বছর যাবৎ নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে International Journal of Engineering Science.

২০২২ সাল থেকে এ বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলর এ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়। হাই ইমপ্যাক্ট জার্নালে রিসার্চ পেপার প্রকাশের জন্য সংশ্লিষ্ট অনুষদের এক্সপার্ট প্যানেল কর্তৃক যাচাই-বাছাই পূর্বক উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির (সিএএসআর) সুপারিশক্রমে ২৭ জন শিক্ষককে এই এ্যাওয়ার্ড প্রদান করা হয়।

সারসংক্ষেপ: বার্ষিক প্রতিবেদন ২০২২

বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য তথ্য	সংখ্যা/পরিমাণ	বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য তথ্য	সংখ্যা/পরিমাণ
নিজস্ব জমির পরিমাণ	১১৭.৩০২ একর	মোট শিক্ষক	৪৬৩
ছাত্রাবাস	৭টি	মোট পুরুষ শিক্ষক	৩৮৮
মোট অনুষদ সংখ্যা	৩ টি	মোট মহিলা শিক্ষক	৭৫
মোট বিভাগ সংখ্যা	২০ টি	খণ্ডকালীন/চুক্তিভিত্তিক/এডহক শিক্ষক	২৪
মোট ইনস্টিটিউট সংখ্যা	৩ টি	পিএইচডি/সমমান ডিগ্রি শিক্ষক	১২৩
২০২২ সালে ভর্তিকৃত শিক্ষার্থী পরিসংখ্যান:		অধ্যাপক	৯৯
মোট আসন সংখ্যা	১০৬৫+৫৩০	সহযোগী অধ্যাপক	২৪
ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা	১০৬৫+২৫৫=১৩২০	সহকারী অধ্যাপক	১৮৬
মোট ছাত্র সংখ্যা	১০১২	প্রভাষক	১১০
মোট ছাত্রী সংখ্যা	৩০৮	টিচিং এসিস্ট্যান্ট	৪৪
অধ্যয়নরত সর্বমোট শিক্ষার্থী পরিসংখ্যান:		অনুমোদিত অনুপস্থিত শিক্ষক	১১২
মোট শিক্ষার্থী সংখ্যা	৭৯৪১	কর্মকর্তা ও কর্মচারীর পরিসংখ্যান:	
মোট ছাত্র সংখ্যা	৬৩৬২	কর্মকর্তার সংখ্যা	২৩১
মোট ছাত্রী সংখ্যা	১৫৭৯	কর্মচারীর সংখ্যা	৪৬৮
স্নাতক	৫৯১৬	শিক্ষক-শিক্ষার্থী অনুপাত	১ঃ১৭
স্নাতকোত্তর পর্যায়ে	১৮০৯	কর্মকর্তা-শিক্ষার্থী অনুপাত	১ঃ৩৪
পিএইচডি	১৫৩	কর্মচারী-শিক্ষার্থী অনুপাত	১ঃ১৭
অন্যান্য উচ্চতর পর্যায়ে	৬৩	আবাসিক পরিসংখ্যান:	
অনুষদভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান:		ছাত্র	১৮০৬
অনুষদের নাম:		ছাত্রী	৮১৩
১. সিভিল ইঞ্জিনিয়ারিং	২২৫৭	আবাসিক শিক্ষক	৪৯
২. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	২৯৬৬	কর্মকর্তা	১৭
৩. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	২৪৭০	২০২২ সালে সর্বমোট বাজেট	৯,৯১৮.০৬
৪. ইনস্টিটিউট	২৪৮	পরিচালন বরাদ্দ	৯,৯১৮.০৬
ডিগ্রিভিত্তিক উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা:		মোট পরিচালন ও উন্নয়ন বরাদ্দ	৯,৯১৮.০৬
স্নাতক (কারিগরি)	৮৬৮	বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয়	৪৫০.০৬
বিইউআরপি	৬০	নীট বাজেট/ব্যয়	৯,০৭০.৬৮
স্নাতকোত্তর	৩৪	২০২২ সালে সর্বমোট ব্যয়	৮,৯৩২.৫১
স্নাতকোত্তর (কারিগরি)+ এমইউআরপি	৪৭+৩=৫০	৩৬৩১১০১ বেতন বাবদ সহায়তা	৩,৯১৭.৪৪
এমফিল	০৩	৩৬৩১১০২ ভাতাদি বাবদ সহায়তা	২,৬০৭.৪২
পিএইচডি	০১	৩৬৩১১০৩ পন্য ও সেবা বাবদ সহায়তা	১,৭৫৩.১৬
সার্টিফিকেট	১৪	৩৬৩১১০৪ পেনশন ও অবসর সুবিধা	৯৭০.০০
ডিপ্লোমা	৪৪	৩৬৩১১০৮ গবেষণা অনুদান	১১৯.২৬
শিক্ষার্থীপ্রতি ব্যয় (টাকায়)	১.১২৫ লক্ষ	৩৬৩১১৯৯ অন্যান্য অনুদান	৬৫.২৩
অস্বাভাবিক পরিস্থিতির জন্য ক্লাশ না হওয়া দিন	০	৩৬৩১ মোট আবর্তক অনুদান	৮,৯৩২.৫১
গ্রন্থাগারে পাঠোপকরণের (বই) বিবরণ	৫৮৬৬১	৩৬৩২১০২ যন্ত্রপাতি অনুদান	৩৬৪.১১
গ্রন্থাগার সামগ্রীর মোট মজুদ সংখ্যা	৫৪৬৫০৮১	৩৬৩২১০৩ যানবাহন বাবদ অনুদান	৪৪.০০
২০২২ সালে সংগৃহীত সংখ্যা (Acquisition)	১৭২২	৩৬৩২১০৫ তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান	১১৯.১২
		৩৬৩২১০৬ অন্যান্য মূলধন অনুদান	৬১.০০
		৩৬৩২ মোট মূলধন অনুদান	৫৮৮.২২
		মোট আবর্তক ও মূলধন অনুদান	৯,৫২০.৭৪

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Khulna University of Engineering & Technology

খুলনা, বাংলাদেশ।

ফোন: ০২৪৭৭৭-৩৩৩৫১-৭০ ফ্যাক্স: ০২৪৭৭৭-৩৩৩০৩

ওয়েবসাইট: www.kuet.ac.bd, ই-মেইল: registrar@kuet.ac.bd

১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিচিতি:

- ক. চ্যান্সেলর : জনাব মোঃ আবদুল হামিদ
খ. ভাইস-চ্যান্সেলর : প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার
গ. প্রো-ভাইস চ্যান্সেলর : প্রফেসর ড. সোবহান মিয়া
ঘ. ডিন :

ক্র:	অনুষদ	নাম
০১	সিভিল ইঞ্জিনিয়ারিং	প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম
০২	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	প্রফেসর ড. মোঃ শাহজাহান
০৩	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	প্রফেসর মোঃ গোলাম কাদের

- ঙ. রেজিস্ট্রার : প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা
চ. পরীক্ষা নিয়ন্ত্রক : মোঃ তৈয়েবুর রহমান
ছ. লাইব্রেরিয়ান : মোঃ আক্কাস উদ্দিন পাঠান
জ. প্রভোস্ট :

ক্র:	হল	নাম, পদবী ও বিভাগ
০১	ফজলুল হক হল	ড. মোঃ ইলিয়াস উদ্দিন, সহকারী অধ্যাপক, এলই বিভাগ
০২	লালন শাহ হল	প্রফেসর ড. মোঃ আতাউর রহমান, সিই বিভাগ
০৩	খান জাহান আলী হল	প্রফেসর ড. মোহাম্মদ সুলতান মাহমুদ, এমই বিভাগ
০৪	ড. এম এ রশিদ হল	প্রফেসর ড. পারভেজ আহমেদ, রসায়ন বিভাগ
০৫	রোকিয়া হল	সুহেলী সায়লা আহমদ, সহকারী অধ্যাপক, মানবিক বিভাগ
০৬	অমর একুশে হল	প্রফেসর এ এন এম এনামুল কবীর, ইইই বিভাগ
০৭	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	মোঃ আলমগীর হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ

- ঝ. পরিচালক :
ইনস্টিটিউট পরিচালক

ক্র:	ইনস্টিটিউট	নাম, পদবী ও বিভাগ
০১	আইআইসিটি	প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
০২	আইডিএম	প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ
০৩	আইইপিটি	প্রফেসর ড. এ. এন. এম. মিজানুর রহমান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

অন্যান্য পরিচালকবৃন্দ

ক্র:	বিভাগ/দপ্তর/শাখা	নাম, পদবী ও বিভাগ
০১	আইকিউএসি	প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ
০২	ছাত্র কল্যাণ	প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, রসায়ন বিভাগ
০৩	পরিকল্পনা ও উন্নয়ন	প্রফেসর ড. সোবহান মিয়া, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ
০৪	গবেষণা ও সম্প্রসারণ	প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পদার্থ বিজ্ঞান বিভাগ
০৫	সিআরটিএস	প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ

ক্র:নং	অনুষদ	বিভাগ
০১	সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	১। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ ২। আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ ৩। বিস্তৃত ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগ ৪। আর্কিটেকচার বিভাগ ৫। গণিত বিভাগ ৬। পদার্থ বিজ্ঞান বিভাগ ৭। রসায়ন বিভাগ ৮। মানবিক বিভাগ
০২	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	৯। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ১০। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ১১। ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ ১২। বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ ১৩। ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
০৩	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	১৪। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ১৫। ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ ১৬। এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ১৭। লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগ ১৮। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ ১৯। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ২০। মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ
	ইনস্টিটিউট	বিষয়
০৪	ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি)	১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
০৫	ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম)	২। দুর্যোগ ব্যবস্থাপনা
০৬	ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি (আইইপিটি)	৩। এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি
	মোট সংখ্যা =	২০টি বিভাগ ও ৩টি ইনস্টিটিউট

২. প্রথম বর্ষ/শ্রেণিতে স্নাতক, স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি ও অন্যান্য পর্যায়ের শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিবরণ:

ক. স্নাতক পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	মোট আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
				ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	বিএসসি ইঞ্জি	১২০	৯৩	২৮	১২১
	ইউআরপি	বিইউআরপি	৬০	৩২	২৮	৬০
	বিইসিএম	বিএসসি ইঞ্জি	৬০	৪৮	১২	৬০
	আর্কিটেকচার	বিআর্ক	৪০	১২	২৮	৪০
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	বিএসসি ইঞ্জি	১২০	১০১	২০	১২১
	সিএসই	বিএসসি ইঞ্জি	১২০	১০৪	১৭	১২১
	ইসিই	বিএসসি ইঞ্জি	৬০	৩৭	২৩	৬০
	বিএমই	বিএসসি ইঞ্জি	৩০	২৩	০৮	৩১
	এমএসই	বিএসসি ইঞ্জি	৬০	৪৬	১৪	৬০
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	বিএসসি ইঞ্জি	১২০	১০৯	১২	১২১
	আইইএম	বিএসসি ইঞ্জি	৬০	৫৩	০৭	৬০
	ইএসই	বিএসসি ইঞ্জি	৩০	২৪	০৬	৩০
	এলই	বিএসসি ইঞ্জি	৬০	৫১	০৯	৬০

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	মোট আসন সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
				ছাত্র	ছাত্রী	মোট
	টিই	বিএসসি ইঞ্জি	৬০	৫০	১০	৬০
	সিএইচই	বিএসসি ইঞ্জি	৩০	২২	০৮	৩০
	এমটিই	বিএসসি ইঞ্জি	৩০	২৪	০৬	৩০
মোট			১০৬০	৮২৯	২৩৬	১০৬৫
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			১০৬০+৫*	৮২৯	২৩৬	১০৬৫

খ. স্নাতকোত্তর পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	মোট আসন সংখ্যা	আবেদনকারী শিক্ষার্থীর সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
					ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	এমএসসি ইঞ্জি	৫০	৬৫	১৪	২	১৬
	ইউআরপি	এমইউআরপি	২০	১০	০	২	২
	রসায়ন	এমএসসি ইঞ্জি	৩০	১৬	৬	১	৭
	গণিত	এমএসসি ইঞ্জি	৩০	২২	৫	৫	১০
	পদার্থ বিজ্ঞান	এমএসসি ইঞ্জি	৩০	৮	৪	১	৫
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	এমএসসি ইঞ্জি	৫০	৯৬	২৪	২	২৬
	সিএসই	এমএসসি ইঞ্জি	৫০	১০২	২৩	৪	২৭
	ইসিই	এমএসসি ইঞ্জি	৩০	১৬	৫	১	৬
	বিএমই	এমএসসি ইঞ্জি	১৫	১৫	৭	৩	১০
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	এমএসসি ইঞ্জি	৫০	১৬	৬	১	৭
	আইইএম	এমএসসি ইঞ্জি	১০	১৮	২	১	৩
	ইএসই	এমএসসি ইঞ্জি	১৫	১৮	১০	২	১২
	এলই	এমএসসি ইঞ্জি	১০	৬	২	৩	৫
আইআইসিটি		এমএসসি ইঞ্জি	৪০	৬১	৯	৯	১৮
আইডিএম		এমএসসি ইঞ্জি	৪০	৫৮	১৬	২	১৮
আইইপিটি		এমএসসি ইঞ্জি	১০	২	১	০	১
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			৪৮০	৫২৯	১৩৪	৩৯	১৭৩

গ. পিএইচডি পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	আবেদনকারী শিক্ষার্থীর সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
				ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	পিএইচডি	৮	৫	০	৫
	ইউআরপি	পিএইচডি	০	০	০	০
	রসায়ন	পিএইচডি	২	১	১	২
	গণিত	পিএইচডি	৩	১	০	১
	পদার্থ বিজ্ঞান	পিএইচডি	১	১	০	১
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	পিএইচডি	৭	১	০	১
	সিএসই	পিএইচডি	২	১	০	১
	ইসিই	পিএইচডি	০	০	০	০

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	আবেদনকারী শিক্ষার্থীর সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
				ছাত্র	ছাত্রী	মোট
	বিএমই	পিএইচডি	১	০	১	১
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	পিএইচডি	২	২	০	২
	আইইএম	পিএইচডি	০	০	০	০
	ইএসই	পিএইচডি	১	০	০	০
	লেদার	পিএইচডি	০	০	০	০
আইআইসিটি		পিএইচডি	৫	১	১	২
আইডিএম		পিএইচডি	৫	৩	০	৩
আইইপিটি		পিএইচডি	০	০	০	০
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			৩৭	১৬	৩	১৯

ঘ. অন্যান্য পর্যায়ে:

কোর্সের নাম	অনুষদ/ইনস্টিটিউটের নাম	আবেদনকারী শিক্ষার্থীর সংখ্যা	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
			ছাত্র	ছাত্রী	মোট
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	১৩+২+০	৫+১+০	২+১+০	৭+২+০
ডিপ্লোমা	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	১১+৭+০	৯+৭+০	২+২+০	১১+২+০
সার্টিফিকেট	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	১৬+০+০	১১+০+০	৫+০+০	১৬+০+০
মোট শিক্ষার্থী		১১৩	৩৩	৩	৬৩

৩. অধ্যয়নরত সর্বমোট শিক্ষার্থী সংখ্যার বিস্তারিত বিবরণ:

ক. স্নাতক পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম	ডিগ্রি	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
			ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	বিএসসি ইঞ্জি	৫৪৫	১২৮	৬৭৩
	ইউআরপি	বিইউআরপি	২৪১	১২১	৩৬২
	বিইসিএম	বিএসসি ইঞ্জি	২৮৪	৭১	৩৫৫
	আর্কিটেকচার	বিআর্ক	১৪৩	৯৮	২৪১
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	বিএসসি ইঞ্জি	৬০০	৮৪	৬৮৪
	সিএসই	বিএসসি ইঞ্জি	৫৫৯	১২১	৬৮০
	ইসিই	বিএসসি ইঞ্জি	২৩৮	৯৬	৩৩৪
	বিএমই	বিএসসি ইঞ্জি	৯০	৬১	১৫১
	এমএসই	বিএসসি ইঞ্জি	২৫১	৬৫	৩১৬
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	বিএসসি ইঞ্জি	৬৩৫	৪০	৬৭৫
	আইইএম	বিএসসি ইঞ্জি	২৯৫	৫২	৩৪৭
	ইএসই	বিএসসি ইঞ্জি	১২১	৩৫	১৫৬
	এলই	বিএসসি ইঞ্জি	২৯৯	৬০	৩৫৯
	টিই	বিএসসি ইঞ্জি	২৯৩	৪৯	৩৪২
	সিএইচই	বিএসসি ইঞ্জি	৯১	৩০	১২১
	এমটিই	বিএসসি ইঞ্জি	৯৪	২৬	১২০
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			৪৭৭৯	১১৩৭	৫৯১৬

খ. স্নাতকোত্তর পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/ প্রোগ্রাম	ডিগ্রি	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
			ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	এমএসসি ইঞ্জি	১৯৮	৩৩	২৩১
	ইউআরপি	এমইউআরপি	২৫	২৭	৫২
	গণিত	এমএসসি	৫০	২৪	৭৪
	পদার্থ বিজ্ঞান	এমএসসি	৫৯	১৩	৭২
	রসায়ন	এমএসসি	৮৫	৩১	১১৬
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	এমএসসি ইঞ্জি	২৫৯	৪৩	৩০২
	সিএসই	এমএসসি ইঞ্জি	১৭৭	৬৬	২৪৩
	ইসিই	এমএসসি ইঞ্জি	৯৫	৩১	১২৬
	বিএমই	এমএসসি ইঞ্জি	৬৭	২৫	৯২
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	এমএসসি ইঞ্জি	১২৫	১১	১৩৬
	আইইএম	এমএসসি ইঞ্জি	৯৩	১৮	১১১
	ইএসই	এমএসসি ইঞ্জি	৪২	১৪	৫৬
	এলই	এমএসসি ইঞ্জি	২২	৭	২৯
আইআইসিটি		এমএসসি ইঞ্জি	৪৩	২১	৬৪
আইডিএম		এমএসসি ইঞ্জি	৭৫	২৯	১০৪
আইইপিটি		এমএসসি ইঞ্জি	১	০	১
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			১৪১৬	৩৯৩	১৮০৯

গ. পিএইচডি পর্যায়ে:

অনুষদ/ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম/ বিভাগের নাম	ডিগ্রি	ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা		
			ছাত্র	ছাত্রী	মোট
সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ	সিই	পিএইচডি	১৩	২	১৫
	ইউআরপি	পিএইচডি	২	০	২
	গণিত	পিএইচডি	১০	১	১১
	পদার্থ বিজ্ঞান	পিএইচডি	১৩	৪	১৭
	রসায়ন	পিএইচডি	২৯	৭	৩৬
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	ইইই	পিএইচডি	১৬	৪	২০
	সিএসই	পিএইচডি	৪	৩	৭
	ইসিই	পিএইচডি	৪	২	৬
	বিএমই	পিএইচডি	৩	২	৫
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ	এমই	পিএইচডি	১২	২	১৪
	আইইএম	পিএইচডি	১	০	১
	ইএসই	পিএইচডি	২	১	৩
	এলই	পিএইচডি	০	০	০
আইআইসিটি		পিএইচডি	৩	১	৪
আইডিএম		পিএইচডি	৯	৩	১২
আইইপিটি		পিএইচডি	০	০	০
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট			১২১	৩২	১৫৩

ঘ. অন্যান্য পর্যায়ে:

কোর্স	কোর্সের নাম/টাইটেল	অনুষদ/ইনস্টিটিউট	সময়কাল	ছাত্র	ছাত্রী	মোট
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা	পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	১.৫ বছর	৭+১+০	২+১+০	৯+২+০
ডিপ্লোমা	প্রফেশনাল ডিপ্লোমা	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	৬ মাস	৯+১৮+০	২+৭+০	১১+২৫+০
সার্টিফিকেট	ট্রেইনিং সার্টিফিকেট	আইআইসিটি + আইডিএম + আইইপিটি	৬ মাস	১১+০+০	৫+০+০	১৬+০+০
মোট				৪৬	১৭	৬৩

ঙ. অনুষদভিত্তিক পরিসংখ্যান:

মূল বিষয়	ছাত্র	ছাত্রী	মোট
১। প্রকৌশল, কারিগরি ও বিজ্ঞান	৬৩১৬	১৫৬২	৭৮৭৮
২। অন্যান্য (ডিপ্লোমা/সার্টিফিকেট)	৪৬	১৭	৬৩
সর্বমোট শিক্ষার্থী	৬৩৬২	১৫৭৯	৭৯৪১

চ. অনুষদভিত্তিক পরিসংখ্যান:

বিনাবেতনে অধ্যয়নরত শিক্ষার্থী		স্কলারশিপ ও ফেলোশিপপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা						মোট বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা		
		স্কলারশিপ		ফেলোশিপ		অন্যান্য বৃত্তি/ উপবৃত্তি		ছাত্র	ছাত্রী	মোট
ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	মোট
২০৯০	৩৯৮	২০৯০	৩৯৮	২৯	২১	৫৩	৭	২১৭২	৪২৬	২৫৯৮
২৪৮৮		২৪৮৮		৫০		৬০		২৫৯৮		২৫৯৮

৪. এক্সট্রা কারিকুলার একটিভিটিজ সংক্রান্ত বিবরণ:

- ১। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
- ২। ইনডোর গেমস
- ৩। বিতর্ক প্রতিযোগিতা
- ৪। আন্তঃ বিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং প্রতিযোগিতার আয়োজন
- ৫। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসে যথাযথ মর্যাদার সাথে পালন
- ৬। আবাসিক হলসমূহে হল ভিত্তিক খেলাধুলা আয়োজন
- ৭। জিমনেশিয়াম সুবিধা

৫. মোট শিক্ষক সংখ্যা:

ক. মোট পদভিত্তিক শিক্ষক সংখ্যা:

পদ	অনুমোদিত পদ সংখ্যা	পদে নিয়োজিত সংখ্যা			খন্ডকালীন/চুক্তিভিত্তিক/এডহক শিক্ষক সংখ্যা			মোট		
		পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
অধ্যাপক	১১১	৯৬	২	৯৮	১	০	১	৯৭	২	৯৯
সহযোগী অধ্যাপক	১২১	২২	১	২৩	১	০	১	২৩	১	২৪
সহকারী অধ্যাপক	১৫৯	১৬৩	২৩	১৮৬	০	০	০	১৬৩	২৩	১৮৬
প্রভাষক	১১৬	৬১	২৭	৮৮	১৬	৬	২২	৭৭	৩৩	১১০
টিচিং এসিস্ট্যান্ট	০	২৮	১৬	৪৪	০	০	০	২৮	১৬	৪৪
মোট	৫০৭	৩৭০	৬৯	৪৩৯	১৮	৬	২৪	৩৮৮	৭৫	৪৬৩
সর্বমোট	৫০৭	৩৭০	৬৯	৪৩৯	১৮	৬	২৪	৩৮৮	৭৫	৪৬৩

খ. ডিগ্রিভিত্তিক শিক্ষক পরিসংখ্যান:

ডিগ্রি	পূর্ণকালীন শিক্ষক সংখ্যা			খণ্ডকালীন শিক্ষক সংখ্যা			মোট		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
পিএইচডি/ সমমান	১১৯	৩	১২২	১	০	১	১২০	৩	১২৩
এমফিল/সমমান	২	০	২	০	০	০	২	০	২
মাস্টার্স	৬০	১৩	৭৩	২	০	২	৬২	১৩	৭৫
স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)	১৬১	৩৭	১৯৮	১৫	৬	২১	১৭৬	৪৩	২১৯
অন্যান্য	২৮	১৬	৪৪	০	০	০	২৮	১৬	৪৪
সর্বমোট শিক্ষক	২৫৪	১৮৫	৪৩৯	১৮	৬	২৪	৩৮৮	৭৫	৪৬৩

গ. শিক্ষক পরিসংখ্যান:

বিবরণ	পুরুষ	মহিলা	মোট
কর্মরত শিক্ষক	২৪৭	৩৬	২৮৩
শিক্ষা ছুটি	৯১	১৭	১০৮
প্রেষণ	১	০	১
লিয়েন	৩	০	৩
খণ্ডকালীন+টিচিং এসিস্ট্যান্ট	১৮+২৮	৬+১৬	২৪+৪৪
সর্বমোট শিক্ষক	৩৮৮	৭৫	৪৬৩

ঘ. শিক্ষক পরিসংখ্যান:

অনুষদ/ ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম/ বিভাগের নাম	মোট শিক্ষার্থী			মোট শিক্ষক	শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত
		ছাত্র	ছাত্রী	মোট		
সিই অনুষদ	সিই	৫৪৫+১৯৮+১৩=৭৫৬	১২৮+৩৩+২=১৬৩	৬৭৩+২৩১+১৫=৯১৯	৪৩	১ঃ১৫
	ইউআরপি	২৪১+২৫+২=২৬৮	১২১+২৭+০=১৪৮	৩৬২+৫২+২=৪১৬	১৭	
	বিইসিএম	২৮৪+০+০=২৮৪	৭১+০+০=৭১	৩৫৫+০+০=৩৫৫	১৬	
	আর্কিটেকচার	১৪৩+০+০=১৪৩	৯৮+০+০=৯৮	২৪১+০+০=২৪১	১১	
	গণিত	০+৫০+১০=৬০	০+২৪+১=২৫	০+৭৪+১১=৮৫	২০	
	পদার্থ বিজ্ঞান	০+৫৯+১৩=৭২	০+১৩+৪=১৭	০+৭২+১৭=৮৯	১৩	
	রসায়ন	০+৮৫+২৯=১১৪	০+৩১+৭=৩৮	০+১১৬+৩৬=১৫২	১৩	
	মানবিক	০+০+০=০	০+০+০=০	০+০+০=০	১৩	
	মোট=	১৬৯৭	৫৬০	২২৫৭	১৪৬	
ইইই অনুষদ	ইইই	৬০০+২৫৯+১৬=৮৭৫	৮৪+৪৩+৪=১৩১	৬৮৪+৩০২+২০=১০০৬	৪২	১ঃ২৪
	সিএসই	৫৫৯+১৭৭+৪=৭৪০	১২১+৬৬+৩=১৯০	৬৮০+২৪৩+৭=৯৩০	৩৭	
	ইসিই	২৩৮+৯৫+৪=৩৩৭	৯৬+৩১+২=১২৯	৩৩৪+১২৬+৬=৪৬৬	২৪	
	বিএমই	৯০+৬৭+৩=১৬০	৬১+২৫+২=৮৮	১৫১+৯২+৫=২৪৮	১১	
	এমএসই	২৫১+০+০=২৫১	৬৫+০+০=৬৫	৩১৬+০+০=৩১৬	১১	
	মোট=	২৩৬৩	৬০৩	২৯৬৬	১২৫	
এমই অনুষদ	এমই	৬৩৫+১২৫+১২=৭৭২	৪০+১১+২=৫৩	৬৭৫+১৩৬+১৪=৮২৫	৩৫	১ঃ২৩
	আইইএম	২৯৫+৯৩+১=৩৮৯	৫২+১৮+০=৭০	৩৪৭+১১১+১=৪৫৯	২১	
	ইএসই	১২১+৪২+২=১৬৫	৩৫+১৪+১=৫০	১৫৬+৫৬+৩=২১৫	৮	

অনুষদ/ ইনস্টিটিউটের নাম	বিষয়/প্রোগ্রাম/ বিভাগের নাম	মোট শিক্ষার্থী			মোট শিক্ষক	শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত
		ছাত্র	ছাত্রী	মোট		
	এলই	২৯৯+২২+০=৩২১	৬০+৭+০=৬৭	৩৫৯+২৯+০=৩৮৮	১৮	
	টিই	২৯৩+০+০=২৯৩	৪৯+০+০=৪৯	৩৪২+০+০=৩৪২	১৭	
	সিএইচই	৯১+০+০=৯১	৩০+০+০=৩০	১২১+০+০=১২১	৪	
	এমটিই	৯৪+০+০=৯৪	২৬+০+০=২৬	১২০+০+০=১২০	৬	
	মোট=	২১২৫	৩৪৫	২৪৭০	১০৯	
আইআইসিটি		০+৪৩+৩+৭+৯+১১=৭৩	০+২১+১+২+২+৫=৩১	০+৬৪+৪+৯+১১+১৬=১০৪	৭	১ঃ১৭
আইডিএম		০+৭৫+৯+১+১৮+০=১০৩	০+২৯+৩+১+৭+০=৪০	০+১০৪+১২+২+২৫+০=১৪৩	৬	
আইইপিটি		০+১+০+০+০+০=১	০+০+০+০+০+০=০	০+১+০+০+০+০=১	২	
অন্যান্য শিক্ষক (খন্ডকালীন শিক্ষক+টিচিং এ্যাসিস্টেন্ট)					২৪+৪৪	
বিশ্ববিদ্যালয়ের সর্বমোট		৬৩৬২	১৫৭৯	৭৯৪১	৪৬৩	

৬. কর্মকর্তা ও কর্মচারী পরিসংখ্যান:

কর্মকর্তা ও কর্মচারী	অনুমোদিত পদ সংখ্যা	পুরুষ	মহিলা	মোট
কর্মকর্তা (স্থায়ী)-১ম শ্রেণি	১১৯	১৩০	১৮	১৪৮
কর্মকর্তা (স্থায়ী)- ২য় শ্রেণি	৮৬	৭৩	৮	৮১
কর্মকর্তা (চুক্তিভিত্তিক)		২	০	২
তৃতীয় শ্রেণির কর্মচারী (স্থায়ী)	২৭৯	২০৮	১৬	২২৪
চতুর্থ শ্রেণির কর্মচারী (স্থায়ী)	২৮৫	১৬৫	১৩	১৭৮
কর্মচারী (দৈনিক হাজিরাভিত্তিক/মাস্টাররোল)		৫৯	৭	৬৬
সর্বমোট কর্মকর্তা ও কর্মচারী সংখ্যা	৭৬৯	৬৩৭	৬২	৬৯৯

৭. শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী অনুপাত:

শিক্ষক : শিক্ষার্থী	কর্মকর্তা : শিক্ষার্থী	কর্মচারী : শিক্ষার্থী
১:১৭	১:৩৪	১:১৭

৮. ক. গ্রন্থাগার ও পাঠোপকরণের বিবরণ:

গ্রন্থাগার সামগ্রীর মোট মজুদ সংখ্যা				শুধুমাত্র ২০২২ সালে সংগৃহীত সংখ্যা			অন্যান্য	
বই	ই-বুক	জার্নাল	ই-জার্নাল	অডিও ভিজুয়াল	বই	ই-বুক	জার্নাল	অন্যান্য
৫৮৬৬১	৩০১১২	৩৩৫৭	৫৩৭১৯১৮	১০৩৩	২৯১	১৩৭৩	৫৮	২১৪

খ. গ্রন্থাগার সামগ্রী সংগ্রহের খাতওয়ারী ব্যয় (টাকায়):

উৎস	রাজস্ব বরাদ্দ	উন্নয়ন বরাদ্দ	নিজস্ব আয়	বিদেশি উৎস/অন্যান্য	মোট ব্যয়
ব্যয়	২৯,০০,০০০.০০	০০	০০	০০	২৭,৮৬,৫৮১.০০

৯. গবেষণা ও প্রকাশনা:

ক. সমাণ্ড গবেষণার বিস্তারিত বিবরণ:

অনুষদ/ইনস্টিটিউট	বিভাগ	নিজস্ব ও সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্প (সংখ্যা)	মোট পরিচালিত গবেষণা প্রকল্প (সংখ্যা)
সিই অনুষদ	সিই	১	১
	বিইসিএম	৩	৩
	গণিত	১	১
	পদার্থ বিজ্ঞান	৩	৩
	রসায়ন	২	২
ইইই অনুষদ	ইইই	৬	৬
	সিএসই	১	১
	ইসিই	৩	৩
এমই অনুষদ	এমই	১	১
	আইইইএম	২	২
	এলই	১	১
	টিই	২	২
আইডিএম		২	২
	মোট	২৮	২৮
	সর্বমোট	২৮	২৮

খ. সমাণ্ড প্রকাশনার বিস্তারিত বিবরণ:

পিয়ার রিভিউকৃত দেশি এবং বিদেশি সাময়িকীতে প্রকাশিত প্রবন্ধ (সংখ্যা)	প্রকাশিত প্রবন্ধ (সংখ্যা)
৫২+০+৪৭+৩৬=১৩৫	৫২+০+৪৭+৩৬=১৩৫

গ. গবেষণা খাতে ব্যয়ের পরিমাণ: (লক্ষ টাকার অংকে)

পরিচালন খাত হতে ব্যয়		সর্বমোট ব্যয়
গবেষণা অনুদান (নিয়মিত)	গবেষণা অনুদান (বিশেষ)	
৫৬.২৬	৬৩.০০	১১৯.২৬

১০. বিশ্ববিদ্যালয়ের বাজেট, ব্যয় ও শিক্ষার্থীপ্রতি ব্যয়ের পরিমাণ:

ক. বিভিন্ন খাতে মোট ব্যয়ের বিবরণ:

বেতন বাবদ সহায়তা (৩৩০১১০১)	ভাতাদি বাবদ সহায়তা (৩৩০১১০২)	পণ্য ও সেবা বাবদ সহায়তা (৩৩০১১০৩)	পেনশন ও অরসর সুবিধা (৩৩০১১০৪)	গবেষণা অনুদান (৩৩০১১০৮)	অন্যান্য অনুদান (৩৩০১১০৯)	মোট আর্ভর্তক অনুদান (৩৩০১)	যন্ত্রপাতি অনুদান (৩৩০১১০২)	মানবাহন বাবদ অনুদান (৩৩০১১০৩)	তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান (৩৩০১১০৪)	অন্যান্য মূলধন অনুদান (৩৩০১১০৬)	মোট মূলধন অনুদান (৩৩০১)	মোট আর্ভর্তক ও মূলধন অনুদান	বিশ্ববিদ্যালয় এর নিজস্ব আয়	নীট বাজেট/ব্যয়
১	২	৩	৪	৫	৬	৭ (১ থেকে ৬ যোগফল)	৮	৯	১০	১১	১২ (৮ থেকে ১১ যোগফল)	১৩ (৭ ও ১২ এর যোগফল)	১৪	১৫ (১৩ থেকে ১৪ এর যোগফল)
৩,৪১৭.৪৪	২,৬০৭.৪২	১,৭৫৩.১৬	৯৭০.০০	১১৯.২৬	৬৫.২৩	৮,৯৩২.৫১	৩৬৪.১১	৪৪.০০	১১৯.১২	৬১.০০	৫৮৮.২২	৯,৫২০.৭৪	৪৫০.০৬	৯,০৭০.৬৮

04	Patwary, M.M.; Bardhan, M.; Imran, S.A.; Hasan, M.; Tuhi F.I.; Rahim, S.J.; Newaz, M.N.; Hasan, M.; Haque, M.Z.; Disha, A.S.; Hossain, M.R.; Rodriguez-Morales A.J.; Saeed, F.; Nazari, S.K.; and Shoib, S. , "Psychological determinants of COVID-19 vaccine acceptance among urban slum dwellers of Bangladesh", Frontiers in Public Health, Frontiers, 2022

Dr. Mohammad Ismail Hossain

01	Hossain, M. I., and Numata, S. Transition of the agricultural landscape in protected area from 1994 to 2018 in Rema-Kalenga Wildlife Sanctuary, Bangladesh. Paper presented at the BCSIR Congress-2022, organized by the Bangladesh Council of Scientific & Industrial Research, Bangladesh, 01-03 December, 2022.
----	--

List of Research Projects

Name of the Researcher	Title of the Project	Source of Fund
Anjum Tasnuva	Assessing Livelihood Vulnerability of Coastal Communities to Climate Change and Natural Disaster in Southwestern Coastal Zone of Bangladesh (2022)	UGC Funded Research Grant (2022-2023)
Md. Riad Hossain	Flood frequency analysis and capacity assessment at the south-western region of Bangladesh (2022)	UGC Funded Research Grant (2022-2023)

প্রদত্ত ডিগ্রীসমূহ:

বিবরণ	ছাত্র	ছাত্রী	মোট
স্নাতকোত্তর	৪	৮	১২
ডিপ্লোমা/অন্যান্য	১২	২	১৪

শিক্ষার্থীর সংখ্যা:

বিবরণ	শিক্ষাবর্ষ	শিক্ষার্থীর সংখ্যা
ডিপ্লোমা	২০২২-২৩	৪০
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা	২০২২-২৩	২
মাস্টার্স	২০২২-২৩	২৭
পিএইচডি	২০২২-২৩	৪
মোট শিক্ষার্থীর সংখ্যা		৭৩

২০২১-২০২২ অর্থ বছরে ইনস্টিটিউটে প্রাপ্ত বরাদ্দ তহবিলের পরিমাণ:

বিবরণ	পরিমাণ (টাকা)	উৎস
যন্ত্রপাতি কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ	৩৮,০০০/-	Annual Budget, KUET
অন্যান্য ও বিভাগীয় আনুষঙ্গিক	২১,০০০/-	Annual Budget, KUET

২০২২-২০২৩ অর্থ বছরে ইনস্টিটিউটে প্রাপ্ত বরাদ্দ তহবিলের পরিমাণ:

বিবরণ	পরিমাণ (টাকা)	উৎস
যন্ত্রপাতি কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ	৪০,০০০/-	Annual Budget, KUET
অন্যান্য ও বিভাগীয় আনুষঙ্গিক	১৭,০০০/-	Annual Budget, KUET

ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ/সিম্পজিয়াম:

Training on Role of impact based on forecasting in Disaster Management on 26/02/2023

শিক্ষা সহায়ক কার্যক্রম ও সামাজিক কার্যাবলী:

Visiting Chemical Fire Hazard Site at Sitakunda on 22/06/2022

কর্মকর্তা : নাহিদা সুলতানা, সেকশন অফিসার (গ্রেড-১)

কর্মচারীর সংখ্যা : ০৩ জন

ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি

প্রতিষ্ঠাকাল : ০৭ আগস্ট ২০১৬ খ্রি:

ইনস্টিটিউটের সংক্ষিপ্ত বিবরণ :

এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি ইনস্টিটিউটটি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অন্তর্ভুক্ত একটি শিক্ষা ও গবেষণামূলক প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর অনুমোদন সাপেক্ষে ২০১৬ সালের ৭ই আগস্ট অত্র ইনস্টিটিউটটি প্রতিষ্ঠা লাভ করে। নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি এবং পরিবেশে অনবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের প্রভাব নিয়ে গবেষণা ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করাসহ এনার্জি সংক্রান্ত অন্যান্য বিষয়ে গবেষণা ইনস্টিটিউট এর মূল লক্ষ্য। উক্ত গবেষণালব্ধ জ্ঞান দেশের আর্থ-সামাজিক এবং অবকাঠামোগত উন্নয়নে অবদান রাখবে বলে আশা করা যায়।

ইনস্টিটিউটের মিশন ও ভিশন:

ইনস্টিটিউট অব এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি এর কিছু সুনির্দিষ্ট লক্ষ্য এবং উদ্দেশ্য রয়েছে। সেগুলি নিম্নরূপ:

- ১) উচ্চতর অধ্যয়ন এবং গবেষণার চাহিদা মেটাতে প্রাসঙ্গিক শাখা থেকে স্নাতকদের জন্য এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি (মাস্টার্স এবং পিএইচডি) প্রদান ও উন্নীতকরণ।
- ২) মধ্যস্তরের বিশেষজ্ঞদের চাহিদা মেটাতে দক্ষ ও পেশাদার মানবসম্পদ গঠনের জন্য এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি স্নাতকোত্তর ডিপ্লোমা ডিগ্রি (পিজিডি) প্রদান ও উন্নীতকরণ।
- ৩) এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি সম্পৃক্ত পেশায় আসতে আগ্রহীদের পাশাপাশি ইতিমধ্যে উক্ত পেশায় নিয়োজিতদের জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণের মাধ্যমে এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে বিশেষজ্ঞ জনশক্তি তৈরি করা।
- ৪) জাতীয় ও আন্তর্জাতিক চাকরির বাজারে জন্য জনগোষ্ঠীকে (অন্তত এইচএসসি পাশ) সমৃদ্ধ করার জন্য এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে ডিপ্লোমা ডিগ্রী এবং প্রশিক্ষণ প্রদান করা।
- ৫) জ্ঞান-ভিত্তিক পণ্য এবং পরিষেবা প্রদানের লক্ষ্যে এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে উন্নত গবেষণা সক্রিয়ভাবে পরিচালনা করা।

ইনস্টিটিউটের লক্ষ্য ও উদ্দেশ্য:

সুনির্দিষ্ট লক্ষ্য এবং উদ্দেশ্য রয়েছে। সেগুলি নিম্নরূপ:

- ১) সুসংগত পদ্ধতিতে এবং প্রাসঙ্গিক প্রযুক্তির মাধ্যমে গবেষণা ও উন্নয়ন করা।
- ২) জ্ঞান-ভিত্তিক পণ্য এবং পরিষেবা প্রদানের লক্ষ্যে এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে উন্ন গবেষণা সক্রিয়ভাবে পরিচালনা করা।
- ৩) উচ্চতর অধ্যয়ন এবং গবেষণার চাহিদা মেটাতে প্রাসঙ্গিক শাখার স্নাতকদের জন্য এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি (মাস্টার্স এবং পিএইচডি) প্রদান ও উন্নীতকরণ। দেশের উন্নয়ন এবং প্রয়োজন বিবেচনা করে স্নাতক ডিগ্রিও প্রদান করা যেতে পারে।
- ৪) এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা ডিগ্রি (পিজিডি) প্রদান করা যাতে মধ্যস্তরের বিশেষজ্ঞদের চাহিদা মেটাতে দক্ষ পেশাজীবী তৈরি করা যায়।
- ৫) এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি সম্পৃক্ত পেশায় আসতে আগ্রহীদের পাশাপাশি ইতিমধ্যে উক্ত পেশায় নিয়োজিতদের জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণের মাধ্যমে এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজিতে বিশেষজ্ঞ জনশক্তি তৈরি করা।
- ৬) বিশ্বব্যাপী চাকরির বাজারের জন্য জনগোষ্ঠীকে (বিজ্ঞান/ভোকেশনাল বিষয়ে কমপক্ষে এইচএসসি) সমৃদ্ধ করার জন্য

- বিভিন্ন এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি-ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি প্রদান করা।
- ৭) এই বিশ্ববিদ্যালয়ে এনভায়রনমেন্ট এন্ড পাওয়ার টেকনোলজি সংক্রান্ত সেবা প্রদানের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী মানবসম্পদ উন্নয়ে সহায়তা করা।
- ৮) সরকারী এবং বেসরকারী সংস্থাগুলিতে পরামর্শ এবং উপদেষ্টা পরিষেবা প্রদান করা।

পরিচালক : প্রফেসর ড. এ. এন. এম. মিজানুর রহমান

শিক্ষকমন্ডলীর নাম :

সহকারী অধ্যাপক

মাহমুদুল হাসান

BSc Eng, MSc Eng

E-mail: mhasan@iept.kuet.ac.bd

আদনান আবেদীন

BSc Eng, MSc Eng

E-mail: aabedeem@iept.kuet.ac.bd

প্রকাশনার তারিখ:

01	Ahammad, R., Kawser, A. R., Abedeen, A., & Islam, M. A.; Thermal Performance Evaluation of a Double Tube Ground Coupled Heat Exchanger in the Climate of Bangladesh. International Conference on Mechanical, Industrial and Energy Engineering (ICMIEE 2022), Khulna, Bangladesh.
----	---

শিক্ষার্থীর সংখ্যা:

বিবরণ	শিক্ষাবর্ষ	শিক্ষার্থীর সংখ্যা
এমএসসি ইঞ্জি	জানুয়ারি ২০২২	০১
	জুলাই ২০২২	০৩
মোট শিক্ষার্থী সংখ্যা		০৪

২০২১-২০২২ অর্থ বছরে ইনস্টিটিউটে প্রাপ্ত বরাদ্দ তহবিলের পরিমাণ:

বিবরণ	পরিমাণ (টাকা)	উৎস
যন্ত্রপাতি	৩৮,০০০/-	সরকারি বরাদ্দ
অন্যান্য	১৬,০০০/-	সরকারি বরাদ্দ

২০২২-২০২৩ অর্থ বছরে ইনস্টিটিউটে প্রাপ্ত বরাদ্দ তহবিলের পরিমাণ:

বিবরণ	পরিমাণ (টাকা)	উৎস
যন্ত্রপাতি	৪০,০০০/-	সরকারি বরাদ্দ
অন্যান্য	১৫,০০০/-	সরকারি বরাদ্দ

কর্মকর্তা

: মোঃ আক্বাস আলী, সহকারী রেজিস্ট্রার

কর্মচারীর সংখ্যা

: ০২ জন

বিশ্ববিদ্যালয়
প্রশাসন

ভাইস-চ্যান্সেলরের কার্যালয়

ভাইস-চ্যান্সেলর : প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার

কার্যালয়ের সংক্ষিপ্ত বিবরণ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০৩ দ্বারা এই বিশ্ববিদ্যালয়ের সার্বিক প্রশাসনিক কার্যকলাপ পরিচালিত হয়। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০৩ এর ১০ ধারার ভাইস-চ্যান্সেলর নিয়োগ, ১১ ধারায় ক্ষমতা ও দায়িত্ব বিধৃত রয়েছে। ভাইস-চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের সার্বক্ষণিক প্রশাসনিক ও একাডেমিক প্রধান। তিনি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা ও উন্নয়ন কমিটি, সিএএসআর, সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কমিটির সভাপতি। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে তিনি মূলত প্রতিষ্ঠান প্রধান হিসেবে মুখ্য ভূমিকা পালন করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইনের ১০ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে চ্যান্সেলর প্রকৌশল শিক্ষা ও গবেষণার সহিত সম্পৃক্ত একজন জ্যেষ্ঠ প্রকৌশল শিক্ষাবিদকে চার বৎসর মেয়াদের জন্য ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করেন। ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারকে এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে চার বছর মেয়াদে নিয়োগ দেন। ০৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে তিনি ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পরপরই তিনি বিশ্ববিদ্যালয়ের “বঙ্গবন্ধু স্কার” এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে, মুক্তিযুদ্ধের ভাস্কর্য “দুর্বার বাংলা” এবং “শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। ০৮ সেপ্টেম্বর তিনি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন।

কর্মকর্তা : নিমাই চন্দ্র মিস্ত্রী, সহকারী রেজিস্ট্রার
শেখ ফিরোজ আহমেদ, পিএস টু ভাইস-চ্যান্সেলর

কর্মচারীর সংখ্যা : ০৪ জন

প্রো-ভাইস চ্যান্সেলরের কার্যালয়

ভাইস-চ্যান্সেলর : প্রফেসর ড. সোবহান মিয়া

কার্যালয়ের সংক্ষিপ্ত বিবরণ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০০৩ এর ১২ ধারার প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ ও দায়িত্ব বিধৃত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী প্রো-ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের সিডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা ও উন্নয়ন কমিটি, সকল শিক্ষক ও কর্মকর্তা নিয়োগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কমিটির সদস্য। প্রো-ভাইস চ্যান্সেলর সংবিধি ও বিশ্ববিদ্যালয়ের বিধান দ্বারা নির্ধারিত এবং ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করেন। প্রো-ভাইস চ্যান্সেলরের কর্মপরিধি সংক্রান্ত বিধান তৈরি না হওয়ায় এখন পর্যন্ত শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের আইন, সংবিধি এবং ভাইস-চ্যান্সেলর প্রদত্ত দায়িত্ব পালন করছেন। ভাইস-চ্যান্সেলরের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইনের ১২ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে চ্যান্সেলর এই বিশ্ববিদ্যালয়ের একজন প্রকৌশল শিক্ষাবিদকে চার বছর মেয়াদের জন্য প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ দান করেন। ২১ নভেম্বর ২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সোবহান মিয়াকে এ বিশ্ববিদ্যালয়ের প্রথম প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে চার বছর মেয়াদে নিয়োগ দেন। ঐদিন অপরাহ্নেই তিনি প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পরপরই তিনি বিশ্ববিদ্যালয়ের “বঙ্গবন্ধু স্কয়ার” এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে, মুক্তিযুদ্ধের ভাস্কর্য “দুর্বার বাংলা” এবং “শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। ২৪ নভেম্বর তিনি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন।

কর্মকর্তা : তনয় বিশ্বাস, সেকশন অফিসার (গ্রেড-২)

কর্মচারীর সংখ্যা : ০৩ জন

রেজিস্ট্রারের কার্যালয়

Office of the Registrar is the vital functional part of any university. This office consists of some other sections such as Establishment Section, Administrative Section, Academic Section, Security Section, Public Relations & Information Section, Transport Section, etc. It is the highest administrative organ of this university. Registrar office runs the administration of the University as per the instruction and advice of the Hon'ble Vice-Chancellor by following the statutes of this university.

As per law approved by the National Parliament of Bangladesh, Registrar is the Head and chief officer of the Registrar section. He is also the residential officer of this university. He is the custodian of all records, documents and other essential papers etc. Registrar section will communicate all other correspondences and exercise all other powers as may be prescribed by the statutes, rules, regulation and the ordinance as approved by the Syndicate. In a word, the Registrar office is the steering wheel of the-University.

Registrar is the 'secretary 'of the Syndicate and Member Secretary of the Academic Council. Registrar has to deal with every single work related to the above vital organs of the University. The office of the Registrar conducts every meeting of the Syndicate. The Academic Council as well as other meetings of the authority and implement the decisions as being taken in the meetings. The office of-the Registrar preserves every record, seal and all confidential reports as per kind direction as well as instruction of the Hon'ble Vice-Chancellor. He must maintain all records of all the assets of the University as being the caretaker. Registrar must communicate with the Deans of the faculties, Heads of the Department and other sectional Heads of this University. Registrar will sign all official letters on behalf of the University. Even the Registrar will sign in all contracts and agreements on behalf of the University except financial matters of this University. The office of the Registrar is called the heart of the administration for the University. Various office orders, notices, appointment letters, statistics and the implementation of the decisions made by the University authority is directly executed by the Registrar office.

Besides as per instruction as well as directives by the Hon'ble Vice-Chancellor, Registrar office executes and works for the advancement as well as for smooth running of the administration of this University. The Registrar office make all necessary arrangement for holding convocation after completion of a few years.

Academic Section

Academic Section is under the direct supervision of the Registrar office. This section is related with Students Admission, Re-admission, Course Registration for Regular, Incomplete, Withdrawal of Course, Backlog Registration with Special Backlog, Announcement of notice for course Registration, Verification of registered courses and Reserve of SSC, HSC Certificates & Transcripts and return to the students in -due time.

This section deals with the students Scholarship. There are various types of Scholarship. Such as Board Scholarship, Technical Scholarship and other Scholarship. The poor and meritorious students are also getting Scholarship from the following fund:

- KUET Excellence Foundation
- Arif Ahmed Scholarship
- KUETians Ouatar Scholarship
- Dr. Md. Naseem Uddin Cash Wakfa Trust Scholarship
- Ramiz Uddin Mollah Smrity Trust

-
- KUET-88 Club Scholarship
 - Drs. Fatema and Muhammad Harunur Rashid Scholarship

Bank Scholarship such as Dutch Bangla Bank, Prime Bank, Grameen Bank, Islami Bank, South Asia Bank etc. Before distribution the Scholarship the academic section announce notice among the students. A committee has been formed to distribute the scholarship. The committee interviewed the students and grant scholarship among the poor and meritorious students as per availability of funds. The Academic section also make arrangements for class routine through a committee.

The total degree awarding departments are 16 for the Undergraduate students and 13 for the Post Graduate students. Total teaching departments are 20.

The Academic section announce the notice for admission into Post graduate courses such as M.Sc, M.Phil and Ph.D in the daily newspaper and also inform the same to all Departments. Then after the concerned department select the students for admission. This section is also related with distribution roll numbers for selected students, course registration, verification of registered courses, central equivalence process & Credit Transfer etc.

Security Section

The security section is under direct supervision of the Registrar office. The main responsibilities of this section are to ensure the overall security of the campus as well as the whole University with around 100 security staff. The security office plays vital role to ensure security in every entry path, various important locations like Students. Halls, Administrative building, Academic buildings etc. This office maintains a very (lose relation with local public administration, local influential personalities and local political leaders as well.

Transport Section

Transport section is an important section of this University. It also plays important role in transport sector. The University has 26 vehicles out of which 10 Bus, 4 Minibus, 6 Microbus, 2 Pajero jeep, 2 Ambulance, 1 Car and 1 DC Pickup. The students use-s buses for their smooth transportation from various locations of Khulna City to this University campus. There are two Ambulance for full time use of the students for medical purposes. Moreover, the teachers, officers and staff also use Buses, Microbuses and Ambulance as well. Pajero jeeps has been allocated for the Hon'ble Vice-Chancellor for his use. The transport section do all maintenances of all the vehicles.

Public Relations & Information Section

শিক্ষাদান, গবেষণা জ্ঞানের সৃজন, উৎকর্ষ সাধন ও বিতরণের ব্যবস্থা, উদ্ভাবন ও উন্নয়ন কর্মকাণ্ডকে সুষ্ঠুভাবে পরিচালনা ও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকাণ্ড সংবাদমাধ্যমে পরিবেশন এবং প্রচারের জন্য জনসংযোগ ও তথ্য শাখা সক্রিয় ভূমিকা পালন করে থাকে।

জনসংযোগ ও তথ্য শাখা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত বিভিন্ন অনুষ্ঠানের আগাম তথ্য এবং অনুষ্ঠান পরবর্তী সংবাদ বিজ্ঞপ্তি আকারে ই-মেইলের মাধ্যমে গণমাধ্যমকে প্রেরণ করে থাকে।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমসহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের সংবাদ, বিবৃতি ও জনগুরুত্বপূর্ণ ঘোষণা সংবাদ আকারে প্রতিবেদন তৈরি করে গণমাধ্যম অফিসে প্রেরণ করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সম্পর্কিত ভুল তথ্য সম্বলিত সংবাদ গণমাধ্যমে প্রকাশিত হলে, যা দ্বারা প্রতিষ্ঠানের ইতিবাচক ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়; এমন সংবাদ কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হবার সঙ্গে সঙ্গে সেই বিষয়ে সংশ্লিষ্ট গণমাধ্যমে লিখিত

বিবৃতি প্রেরণ করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও তথ্য শাখা দৈনন্দিন কার্যক্রমের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো মিডিয়া মনিটরিং। প্রকাশিত দৈনিক সংবাদপত্র ও অনলাইন নিউজ পোর্টালে বিশ্ববিদ্যালয় সম্পর্কিত সংবাদ ও বিজ্ঞপ্তি খুঁজে বের করে ক্লিপ আকারে প্রস্তুত করা হয়।

জনসংযোগ ও তথ্য শাখা প্রতিনিয়ত গণমাধ্যম অফিসগুলিতে সংবাদ বিজ্ঞপ্তি প্রেরণ করার পাশাপাশি সংবাদকর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করে থাকে। সুসম্পর্ক বজায় রাখার জন্য প্রতিনিয়ত বিভিন্ন গণমাধ্যম অফিস ও সাংবাদিক সংগঠনের অফিসগুলিতে যাতায়াত করে থাকে।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী, জাতীয় গুরুত্বপূর্ণ দিন, রাষ্ট্রীয় বড় অর্জন, বিশ্ববিদ্যালয়ে অভ্যন্তরীণ ও বাইরের বিভিন্ন সংগঠনের জন্য বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলরের বাণী প্রস্তুত করে জনসংযোগ ও তথ্য শাখা। একই সঙ্গে বাণীগুলো সংবাদপত্র কিংবা গ্রন্থে প্রচারেরও ব্যবস্থা করা হয়।

বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত বিভিন্ন ধরনের প্রকাশনার সাথে জনসংযোগ ও তথ্য শাখা অঙ্গাঙ্গিভাবে জড়িত। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকাণ্ড তুলে ধরে 'কুয়েট বুলেটিন' প্রকাশ করা হয়।

জনসংযোগ ও তথ্য শাখার উদ্যোগে প্রতিবছর ডায়েরি প্রকাশ করা হয়। উক্ত ডায়েরিতে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ তথ্য সংযুক্ত করা হয়। নতুন তথ্য সংযোজন ও হালনাগাদ করার মাধ্যমে ডায়েরি মূদ্রণ ও বিতরণের কাজটি করতে হয় জনসংযোগ ও তথ্য শাখাকে।

নতুন বছরের শুরুতে প্রতিবছর বার্ষিক দেয়াল, টেবিল ও পকেট ক্যালেন্ডার প্রস্তুত করে থাকে জনসংযোগ ও তথ্য শাখা। বিশ্ববিদ্যালয়ের সারা বছরের ছুটি, একাডেমিক ও প্রশাসনিক কর্মকাণ্ডের কর্মপরিকল্পনা সাজানো হয় ক্যালেন্ডারে।

ঈদ-উল ফিতর, ঈদ-উল আযহা, দুর্গা পূজা এবং বাংলা নববর্ষ উপলক্ষে প্রতিবছর শুভেচ্ছা কার্ড তৈরি করা হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর ও প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের স্বাক্ষর করা এসব কার্ড বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে বিতরণ করা হয়। পাশাপাশি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েল চ্যান্সেলর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রীপরিষদের সদস্য, ইউজিসি, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ বিভিন্ন সরকারি ও গুরুত্বপূর্ণ দপ্তরে এবং রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের মাঝে বিতরণ করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক পালিত জাতীয় ও অন্যান্য দিবসের আমন্ত্রণ পত্র প্রস্তুত করা, ফেস্টুন ও ব্যানার প্রস্তুত করার কাজ জনসংযোগ ও তথ্য শাখাকে দেখভাল করতে হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানগুলিতে উপস্থিত থেকে তথ্যের পাশাপাশি প্রয়োজনীয় ছবি সংগ্রহ করা ও বিভিন্ন গণমাধ্যম প্রতিষ্ঠানের কাছে প্রচারের জন্য বিতরণ করা হয়।

বিভিন্ন অনুষ্ঠানের ছবি ও তথ্য প্রিন্ট মিডিয়ায় প্রেরণের পাশাপাশি ইলেকট্রনিক মিডিয়ার জন্য ভিডিও ফুটেজ ধারণ করে প্রেরণের ব্যবস্থা করা হয়।

প্রতি শিক্ষাবর্ষে প্রথম বর্ষের নতুন শিক্ষার্থীদের ক্যাম্পাসে বরণ করে নেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নবীণ বরণ উপলক্ষে বিভিন্ন ধরনের উপকরণ প্রস্তুত করার কাজটি জনসংযোগ ও তথ্য শাখা করে থাকে।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর তাদের বিভিন্ন প্রয়োজনে দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করে। বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে জনসংযোগ ও তথ্য শাখা সহযোগিতা করে থাকে।

জনসংযোগ ও তথ্য শাখা বিভিন্ন দৈনন্দিন কার্যক্রম পরিচালনার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের বিভিন্ন নির্দেশনা তাৎক্ষণিকভাবে পালন করে থাকে।

কর্মকর্তা

: রেজিস্ট্রার দপ্তর

প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, রেজিস্ট্রার
জালাতুল ফেরদৌস দোলা, সেকশন অফিসার (গ্রেড-১), রেজিস্ট্রারের কার্যালয়
এস এম সোহায়েব হোসেন, সেকশন অফিসার (গ্রেড-১), রেজিস্ট্রারের কার্যালয়

কাউন্সিল শাখা

মোঃ মনিরুজ্জামান, সহকারী রেজিস্ট্রার, কাউন্সিল শাখা
রাগীব হোসেন, সেকশন অফিসার (গ্রেড-১), কাউন্সিল শাখা
জিনাত সুলতানা, সেকশন অফিসার (গ্রেড-২), কাউন্সিল শাখা

ডেসপাস শাখা

সিকদার নূর ইসলাম, সহকারী রেজিস্ট্রার, ডেসপাস শাখা
মোঃ শাহানুর আলম, সেকশন অফিসার (গ্রেড-১), ডেসপাস শাখা

প্রশাসন শাখা

মোঃ আব্দুর রহমান, সহকারী রেজিস্ট্রার, প্রশাসন শাখা
মোঃ তারিক আল হক নজীব, সেকশন অফিসার (গ্রেড-২), প্রশাসন শাখা
এম. এম. রবিউল ইসলাম শুভ, সেকশন অফিসার (গ্রেড-২), প্রশাসন শাখা

সংস্থাপন শাখা

দেবশীষ মন্ডল, সহকারী রেজিস্ট্রার, সংস্থাপন শাখা
হীরামনি শাহীতাজ, সেকশন অফিসার (গ্রেড-১), সংস্থাপন শাখা
ফারজানা বিথী, সেকশন অফিসার (গ্রেড-১), সংস্থাপন শাখা
কাজী আব্দুল ওয়াদুদ, সেকশন অফিসার (গ্রেড-১), সংস্থাপন শাখা

শিক্ষা শাখা

শেখ আক্বাস আলী, ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা
মোঃ মঈনুল হক, সহকারী রেজিস্ট্রার, শিক্ষা শাখা
আব্দুল ওয়াহাব মোড়ল, সহকারী রেজিস্ট্রার, শিক্ষা শাখা
মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী রেজিস্ট্রার, শিক্ষা শাখা
সুব্রত কুমার মন্ডল, সেকশন অফিসার (গ্রেড-১), শিক্ষা শাখা
পবিত্র কুমার সাহা, সেকশন অফিসার (গ্রেড-১), শিক্ষা শাখা
ফারজানা আক্তার তানিয়া, সহকারী প্রোগ্রামার, শিক্ষা শাখা
মোঃ সোহেল রানা, সেকশন অফিসার (গ্রেড-২), শিক্ষা শাখা
মোঃ রফিকুল ইসলাম, সেকশন অফিসার (গ্রেড-২), শিক্ষা শাখা

জনসংযোগ ও তথ্য শাখা

মনোজ কুমার মজুমদার, সহকারী পরিচালক, জনসংযোগ ও তথ্য শাখা
মোঃ রবিউল ইসলাম, পাবলিক রিলেশনস অফিসার, জনসংযোগ ও তথ্য শাখা

কেন্দ্রীয় জামে মসজিদ

মোঃ শরীফুল ইসলাম, পেশ ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ
জুবায়ের হাসান, সহকারী ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ
মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র মুয়াজ্জিন (গ্রেড-১), কেন্দ্রীয় জামে মসজিদ

এস্টেট

এস এম সাইফুর রহমান, সহকারী রেজিস্ট্রার (লিগ্যাল), এস্টেট

নিরাপত্তা শাখা

মোঃ সাদেক হোসেন প্রামানিক, নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা

যানবাহন শাখা

মোঃ রুহুল আমিন, যানবাহন কর্মকর্তা, যানবাহন শাখা

মোঃ রবিউল ইসলাম, সহকারী যানবাহন কর্মকর্তা, যানবাহন শাখা

কর্মচারীর সংখ্যা : ১২৫ জন

কম্পট্রোলারের কার্যালয়

Office of the Comptroller as well as Accounts & Finance Division is one of the key points in any University. In a word the function of this office is like fuel of an engine. Office of the comptroller handled all financial activities for & on behalf of Khulna University of Engineering & Technology (KUET). It is on the 2nd floor of the Administrative Building of KUET. Office of Comptroller consists of four Different sections named Budget, Finance, Accounts and Audit. These four sections operate the following services differently.

Budget

Budget section determines the requirements and prepares the yearly Budget & Revised Budget for the university. This section tries to full fill the financial requirements of KUET through University Grants Commission (UGC). This section also manage Budget allocated by UGC and use the money among all Academic departments & administrative offices as per their priority net base demand with the consultation of KUET Authority.

Finance

Finance section mostly makes payment of all types of approved suppliers, external & internal bills. This section also issues advances toward teachers, officers & staffs of KUET to meet emergency. Finance section is functioning with all types of Scholarship funds of KUET. Finance section is assigned to prepare financial statement all funds, prepare & Preservation of cash books with related all financial records. General provident fund are also managed by the section.

Accounts

Accounts section Prepare & and take necessary approval for payment of all types of suppliers bill, external & internal bill, construction and repair bills. Accounts also furnished all payment related formalities for salary & allowances of teacher, officer and staff of KUET. This section also process seminar & conference expenses, teaching assistantship bill and all types of Scholarship bill for Students. Accounts collect scholarship fund form government.

Audit Cell

Audit Cell manages all types of Internal & External audit activities of KUET. At here Audit cells routine work is to verify & make reviews on personal file of teachers, officers and staff. Cell also conducts internal check & internal audit of all type of tender bill & contract. Audit cell handles with all audit objections and Government Audit authorities on behalf of KUET.

কর্মকর্তা

- : মোঃ মনিরুল হক খান, কম্পট্রোলার (ভারপ্রাপ্ত)
- মোঃ ইস্কান্দার আলী মোল্লা, অতিরিক্ত কম্পট্রোলার
- রনজিত রায়, সহকারী কম্পট্রোলার
- ঢালী মোঃ বেদলাল হোসেন, সহকারী পরিচালক (অডিট)
- এফ. এম. সাইফুল্লাহ, সহকারী কম্পট্রোলার (চলতি দায়িত্ব)
- রেজাউল কবীর মোল্লা, এ্যাকাউন্টস অফিসার
- মোঃ তানজিজুর রহমান, বাজেট অফিসার
- মোঃ শহিদুল্লাহ আজম, ফাইন্যান্স অফিসার

মহসিন মিয়া, অডিট এন্ড এ্যাকাউন্টস অফিসার
মোঃ কামাল হোসেন, অডিট এন্ড এ্যাকাউন্টস অফিসার
মোঃ লাইসান হাবিব, সেকশন অফিসার (গ্রেড-১)
এস.এম. সাজ্জাদ হোসেন, এ্যাকাউন্টস অফিসার
মোঃ শহীদুল্লাহ আযম, ফিন্যান্স অফিসার
আফরোজ আহমেদ, এ্যাকাউন্টস অফিসার
মহসিন মিয়া, অডিট এন্ড এ্যাকাউন্টস অফিসার
মোঃ শফিকুল আলম, সেকশন অফিসার (গ্রেড-১)
মোঃ সাইফুল ইসলাম, সহকারী এ্যাকাউন্টস অফিসার
মোঃ ঈমাম হোসেন, সহকারী ফিন্যান্স অফিসার
আল হামরা পারভীন, সহকারী বাজেট অফিসার
জি.এম. হাবিবুর রহমান, সহকারী ফিন্যান্স অফিসার

কর্মচারীর সংখ্যা : ০৯ জন

পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

দপ্তরের সংক্ষিপ্ত বিবরণ :

পরীক্ষা সংক্রান্ত (ইউজি, পিজি ও ইন্সটিটিউট): এডমিট কার্ড প্রদান, ডিউটি লিষ্ট তৈরী, পরীক্ষার রুম সাজানো, টেবিলে সিট লাগানো, পরীক্ষার টপশীট, মার্কশীট, উপস্থিত পত্র প্রিন্ট দেয়া ও উপস্থিত পত্র অনুযায়ী খাতা ভাগ করা, রুমে খাতা পৌছানো, উপস্থিতি কম্পিউটারে এন্ট্রি দেয়া, ইত্যাদি।

অটোমেশন ও টেবুলেশন সংক্রান্ত (ইউজি, পিজি ও ইন্সটিটিউট): টেবুলেশন প্রিন্ট দেয়া, চেক করা, রেজাল্টশীট সংরক্ষণ ও টেবুলেশন তৈরী. টেবুলেশন স্বাক্ষরের জন্য প্রতি বিভাগে পাঠানো, সাময়িক গ্রেডশীট, ডুপ্লিকেট গ্রেডশীট, কনসোলিডেটেড গ্রেডশীট প্রদান করা ইত্যাদি।

ফলাফল প্রকাশ (ইউজি, পিজি ও ইন্সটিটিউট): বিভাগ হতে প্রাপ্ত এওয়ার্ড ফরম সমূহ অত্র অফিসে জমা হওয়ার পর নোটিশ আকারে ভিসি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা, সাময়িক সনদপত্র, ইংলিশ প্রফিসিয়েন্সী, গ্রেড কনভারশন, টেস্টিমোনিয়াল ও মূল সনদ প্রিন্ট দেয়া, খাতায় এন্ট্রি করা, ইত্যাদি।

ডীন লিস্ট: ডীন লিস্ট তৈরী করা এবং ডীন সার্টিফিকেট প্রিন্ট দিয়ে ভেরিফাই করে ডীন অফিসে প্রেরণ করা।

রিপোর্ট সংক্রান্ত: একাডেমিক কাউন্সিল ও সিএএসআর কর্তৃক নির্দেশিত কার্যাবলী বাস্তবায়ন করা, বিভিন্ন সংস্থা/ বিভাগের চাহিদা মত পরীক্ষা, রেজাল্টসহ বিভিন্ন ধরনের রিপোর্ট প্রদান ইত্যাদি।

ভেরিফিকেশন: WES/E-mail ভেরিফিকেশন, বিভিন্ন সার্টিফিকেট ট্রু কপি, অন্যান্য সংস্থা হতে আগত ভেরিফিকেশন, পুলিশ এবং গোয়েন্দা সংস্থা হতে আগত ভেরিফিকেশন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা ইত্যাদি।

পরীক্ষার বিল নিরীক্ষা (ইউজি, পিজি ও ইন্সটিটিউট): সকল বিভাগের শিক্ষক-কর্মকর্তা- কর্মচারীদের বিল নিরীক্ষা করা।

বিভিন্ন সনদপত্র প্রদান (ইউজি, পিজি ও ইন্সটিটিউট): আন্ডার গ্রাজুয়েট ও পোস্ট গ্রাজুয়েট সকল ছাত্র-ছাত্রীদের সনদপত্র সমূহ প্রদান করা।

অন্যান্য: ফলাফল পুনঃনিরীক্ষা, নাম সংশোধন ও হারানো সনদপত্র, অফিস ম্যানেজমেন্ট, ক্রয় কার্যাবলী (কাগজ ও স্টেশনারী) এবং প্রিন্টিং সংক্রান্ত কার্যাবলী ইত্যাদি।

কর্মকর্তা

: মোঃ তৈয়েবুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক
মোঃ মনিরুল ইসলাম, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
প্রকৌশলী দিলু আরা, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
প্রকৌশলী এস. এম. সাইফুর রহমান, সিস্টেম এনালিস্ট
প্রকৌশলী টুম্পা রানী রায়, প্রোগ্রামার
মোঃ মশিউর রহমান, সহকারী রেজিস্ট্রার
গাজী মোহাম্মদ বরকত উল্লাহ, সেকশন অফিসার (গ্রেড-১)
মোঃ ফারুক হাসান, সেকশন অফিসার (গ্রেড-১)
রওশন আরা, সেকশন অফিসার (গ্রেড-২)

কর্মচারীর সংখ্যা

: ০৪ জন

লাইব্রেরীয়ার কার্যালয়

বিভাগের সংক্ষিপ্ত বিবরণ :

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে সেন্ট্রাল লাইব্রেরী, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সর্বপ্রথম Library Automation কার্যক্রম বাস্তবায়ন করে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বাংলাদেশ কর্তৃক পরিচালিত Higher Education Quality Enhancement Project (HEQEP)-এর অধীনে বাস্তবায়িত ২টি উপ-প্রকল্প (CP-435, CPSF-435) এর মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরী যথাক্রমে ২০১২ সাল থেকে Library Automation এবং ২০১৮ সাল থেকে Library Digitalization এর কাজ সম্পন্ন করা হয়, যা অদ্যাবধি সফলভাবে পরিচালিত হচ্ছে। Library System Automation করার জন্য Open Source Software (Koha) এবং Library Digitalization এর জন্য DSpace Software ব্যবহার করা হয়েছে। সেন্ট্রাল লাইব্রেরীর একটি নিজস্ব Website (<http://library.kuet.ac.bd/>) আছে, যা ব্যবহার করে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অন্যান্য ব্যবহারকারীগণ Library Catalogue অনুসন্ধানসহ, ই-বুক, ই-জার্নাল পড়তে ও ডাউনলোড করতে পারে। সেন্ট্রাল লাইব্রেরীর বর্তমান সংগ্রহ নিম্নরূপ-

বই	ই-বুক	জার্নাল	ই-জার্নাল
৫৯৪৭২	৩৫০৮৬	৪০৬০	৫৫২১৯৭৭

দপ্তরের কার্যাবলীর বিবরণ:

বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের কাজ তথ্য বা জ্ঞানকে একত্রিত করা এবং ব্যবহারকারীদের সেবা প্রদান করা। একাডেমিক প্রতিষ্ঠান হিসেবে সেন্ট্রাল লাইব্রেরী বিভিন্ন ধরনের কার্য সম্পাদন করে যেমন- পাঠ্যবই, রেফারেন্স বই, দুর্লভ বই, জার্নাল, প্রসিডিংস, সাময়িকী, গ্রন্থপঞ্জিমূলক উপকরণ এবং প্রতিটি বিষয়ে সাম্প্রতিক তথ্য ব্যবহারকারীদের সরবরাহ করে।

অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীর কার্যাবলীর বিবরণ এবং শিক্ষক, ছাত্র-ছাত্রী ও গবেষকদের জন্য প্রদানকৃত সেবাসমূহ নিম্নে উপস্থাপন করা হলো-

Acquisition Section:

অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় প্রধানের চাহিদা মোতাবেক বিভাগের বরাদ্দ অনুযায়ী বই, জার্নাল, ই-বুক, ই-জার্নাল ইত্যাদি ক্রয়ের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়।

Processing Section:

অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরী বই শ্রেণিকরণের জন্য Dewey Decimal Classification (DDC) Scheme এবং বিষয় শিরোনাম নির্ধারণের জন্য Library of Congress Subject Heading ব্যবহৃত হয়। এছাড়া AACR-2 (Anglo American Cataloguing Rules-2) এবং MARC-21 (Machine Readable Catalogue-21) অনুসরণ করে KOHA ILS (KOHA-Integrated Library System, Version-22.11.10) ব্যবহারের মাধ্যমে Cataloguing কার্যক্রম সম্পন্ন করা হয়।

Reference Section:

সেন্ট্রাল লাইব্রেরী, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় তথ্যবহুল Reference Section চালু রয়েছে যার মাধ্যমে লাইব্রেরী ব্যবহারকারীদের অভিধান, বিশ্বকোষ বাংলাপিডিয়া, Hand books, Year Books সহ বিভিন্ন প্রকার রেফারেন্স বই-এর সেবা প্রদান করা হয়। এই বিভাগ থেকে কোন বই লেন-দেন হয় না।

Circulation Section:

লাইব্রেরী ব্যবহারকারীরা তাদের মেশিন রিডেবল লাইব্রেরী কার্ড ব্যবহার করে বই লেন-দেন করতে পারেন। এক্ষেত্রে স্নাতক পর্যায়ে ছাত্র-ছাত্রী এক মাসের জন্য তিনটি বই ইস্যু করতে পারেন; MSc, MPhil এবং PhD ছাত্র-ছাত্রী এক মাসের

জন্য একবারে পাঁচটি বই ইস্যু করতে পারেন। একজন শিক্ষার্থী ৩০ দিনের মধ্যে অনলাইনের মাধ্যমে ইস্যু করা বই(গুলি) পাঁচ বার পর্যন্ত রিনিউ করতে পারেন। শিক্ষকগণ এক সেমিস্টারের জন্য একবারে পনেরটি বই ইস্যু করতে পারেন; কর্মকর্তাগণ এক মাসের জন্য একসাথে দুইটি বই ইস্যু করতে পারেন এবং তৃতীয় শ্রেণির কর্মচারীগণ শুধুমাত্র দুই সপ্তাহের জন্য একবারে একটি বই ইস্যু করতে পারেন।

Reading Section: সেন্ট্রাল লাইব্রেরীতে একটি শীততাপ নিয়ন্ত্রিত আধুনিক রিডিংরুম রয়েছে যেখানে ১৩০ জন শিক্ষার্থী সুন্দর মনোরম পরিবেশে পড়াশুনা করতে পারেন। এই পাঠকক্ষে “বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ” নামে সুসজ্জিত একটি বিশেষ কর্ণার রয়েছে যেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর জীবনী, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ, বাংলাদেশের ইতিহাস এবং বাংলা সাহিত্যের ওপর বিশাল সংগ্রহ রয়েছে।

Journal Section: জার্নাল সেকশন সেন্ট্রাল লাইব্রেরীর একটি গুরুত্বপূর্ণ সেকশন। গবেষণা কেন্দ্রীক বিশ্ববিদ্যালয় হিসেবে সেন্ট্রাল লাইব্রেরীতে জার্নাল, ই-জার্নাল, প্রসিডিংস, ম্যাগাজিন ইত্যাদি সংগ্রহ রয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক ও ছাত্র-ছাত্রীগণ গবেষণার কাজে এই সেকশন ব্যবহার করে থাকেন। এই সেকশনে M.Sc এর বিভিন্ন রিপোর্ট/থিসিস; M.Phil ও Ph.D গবেষণাপত্র সংরক্ষণ করা হয়।

Photocopy Section: সেন্ট্রাল লাইব্রেরীর পাঠ্য উপকরণ সমূহ (Reading Materials) ফটোকপি করার লক্ষ্যে লাইব্রেরী ব্যবহারকারীদের জন্য একটি Photocopy Section চালু আছে। প্রত্যেক ব্যবহারকারী ফটোকপি সেকশন থেকে তাদের প্রয়োজনীয় পাঠ্য উপকরণ ফটোকপি করতে পারেন। ফটোকপি করার জন্য, তাদের একটি কুপন অথবা Online Payment Gateway ব্যবহার করে অর্থ প্রদান করতে পারেন।

Newspaper Section: অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীতে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও গবেষকদের সংবাদপত্র ব্যবহারের/পড়ার জন্য একটি পৃথক নিউজপেপার সেকশন রয়েছে। উক্ত সেকশনে ব্যবহারকারীগণের জন্য দশ টি জাতীয় ও স্থানীয় সংবাদপত্র রাখা হয়।

Binding Section: অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীতে একটি Binding Section আছে। শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও অন্যান্য ব্যবহারকারীগণ বইপত্র ও সাময়িকী ব্যবহারের ফলে যে সকল বইয়ের বাঁধাই নষ্ট হয়ে যায় সেগুলো বাঁধাই করে ব্যবহারকারীদের ব্যবহারের জন্য বিভিন্ন সেকশনে প্রেরণ করা হয়। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে ব্যবহারের জন্য বিভিন্ন রিপোর্ট ও নীতিমালা বাঁধাই করা হয়।

Career Development Corner (CDC): অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শেষ বর্ষের ছাত্র-ছাত্রীদের Career Development এর জন্য CDC নামে একটি কর্ণার চালু করা হয়েছে। চাকরীর পরীক্ষার প্রস্তুতির জন্য প্রয়োজনীয় সংখ্যক বই উক্ত সেকশনে বিদ্যমান।

অন্যান্য সেবাসমূহ:

সেন্ট্রাল লাইব্রেরী অন্যান্য যে সকল সেবা প্রদান করে, তা নিম্নে উল্লেখ করা হলো-

- (i) **E-Book:** অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরী UGC Digital Library (UDL) ও Bangladesh Academy of Science (BAS) নামক দুইটি Consortium এর সদস্য। উক্ত Consortium থেকে সেন্ট্রাল লাইব্রেরী Pearson Education, McGraw-Hill-India, Taylor & Francis, Wiley Online Books, World Scientific প্রকাশকের ই-বুক UDL Consortium-এর মাধ্যমে; Project MUSE ও De Gruyter প্রকাশকের ই-বুক LiCoB এর মাধ্যমে Bangladesh Academy of Science (BAS) এর সহযোগীতায়; IOP Science, Oxford University Press প্রকাশকের ই-বুক নিজস্ব অর্থায়নে ক্রয় করে। ই-বুক ব্যবহারের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, গবেষক ও অন্যান্য ব্যবহারকারীগণ <https://library.kuet.ac.bd> Website এর মাধ্যমে সেন্ট্রাল লাইব্রেরী ব্যবহার করতে পারেন।

- (ii) **E-Journal:** সেন্ট্রাল লাইব্রেরী, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় UGC Digital Library (UDL) ও Bangladesh Academy of Science (BAS)-ই-জার্নাল সরবরাহকারী প্রতিষ্ঠান এর সদস্য, যার মাধ্যমে ২১টির বেশী Publisher এর e-journal সেবা সেন্ট্রাল লাইব্রেরীতে প্রদান করা হচ্ছে। অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, গবেষক ও অন্যান্য ব্যবহারকারীগণ সেন্ট্রাল লাইব্রেরীর Website <https://library.kuet.ac.bd> ব্যবহার করে ই-জার্নাল ব্যবহার করতে পারেন।
- (iii) **Digital Library Access Center:** অত্র বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরীতে Digital Library Access Center নামক একটি সেকশন/শাখা রয়েছে, যেখানে একই সাথে ৩০ জন ব্যবহারকারী Online Library Catalog অনুসন্ধান, ই-বুকস, ই-জার্নাল পড়া ও ডাউনলোডসহ অন্যান্য কাজে ব্যবহার করতে পারেন।
- (iv) **OPAC (Online Public Access Catalogue):** সেন্ট্রাল লাইব্রেরী, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবহারকারীরা OPAC ব্যবহার করে লাইব্রেরীর সংরক্ষিত Library Materials সমূহ Search করে থাকে। OPAC এর মাধ্যমে বই, জার্নাল ও সাময়িকীর বর্তমান অবস্থান কি সেটা ব্যবহারকারীরা জানতে পারেন।
- (v) **Self-Check In/Check Out Machine:** Self-Check In/Check Out Machine ব্যবহার করে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও গবেষকগণ নিজেরাই বই Issue ও Return করতে পারেন।
- (vi) **KIOSK Machine:** KIOSK Machine ব্যবহার করে ছাত্র-ছাত্রী, শিক্ষক ও গবেষকগণ লাইব্রেরীর সংরক্ষিত Library Materials সমূহ অনুসন্ধান করে থাকেন। OPAC এর মাধ্যমে বই, জার্নাল ও সাময়িকীর বর্তমান অবস্থান কি সেটা ব্যবহারকারীরা জানতে পারেন।
- (vii) **RFID Gate:** সেন্ট্রাল লাইব্রেরীর Circulation Section এ RFID Gate স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে লাইব্রেরীর নিরাপত্তা ব্যবস্থা উন্নত হয়েছে।
- (viii) **CCTV Camera:** সেন্ট্রাল লাইব্রেরীর বিভিন্ন সেকশন ও কর্পারে ৩২ (বত্রিশ) টি CCTV Camera স্থাপনের মাধ্যমে লাইব্রেরীর সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।
- (ix) **KUET Institutional Repository:** অত্র বিশ্ববিদ্যালয়ের গবেষকদের MSc, MSc Engg, MPhil ও PhD গবেষণা কর্মের Softcopy ও Undergraduate পর্যায়ের Question সমূহ Question Bank নামক Community এর অধীনে KUET Institutional Repository (<http://dSPACE.kuet.ac.bd/>)-তে জমা রাখা হয়। বর্তমানে ৪৭২টি গবেষণা কর্ম KUET Institutional Repository-তে সংরক্ষিত আছে।

কর্মকর্তা

- : মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, লাইব্রেরীয়ান
 মোঃ মাহবুবুর রহমান, অতিরিক্ত লাইব্রেরীয়ান
 মোঃ আব্দুল বাতেন, সহকারী লাইব্রেরীয়ান
 মোঃ কামরুল ইসলাম, সহকারী লাইব্রেরীয়ান
 প্রকৌশলী মোঃ মেহেদী ইসলাম, সহকারী প্রোগ্রামার
 মোঃ রাশেদুল ইসলাম, সিনিয়র ক্যাটালগার
 সালমা সুলতানা মেরী, সিনিয়র ক্যাটালগার
 হেনা বিশ্বাস, সিনিয়র ক্যাটালগার
 মোঃ মোস্তাফিজুর রহমান, ক্যাটালগার
 মোঃ মাহমুদ আলী, সেকশন অফিসার (গ্রেড-২)
 মোঃ বায়েজীদ হোসেন মোল্লা, সেকশন অফিসার (গ্রেড-২)

কর্মচারীর সংখ্যা

: ১৭ জন

প্রধান প্রকৌশলীর কার্যালয়

দপ্তরের সংক্ষিপ্ত বিবরণ :

প্রধান প্রকৌশলী-এর কার্যালয়ের ০৪ টি ইউনিটের মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের নতুন নতুন ভবন ও স্থাপনা নির্মাণ, পুরাতন ভবন এবং স্থাপনা মেরামত ও সংস্কার কাজ, পানি সরবরাহ ও পানি বিশুদ্ধকরণ প্লান্ট পরিচালনা, বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সাব-স্টেশন পরিচালনা, ইন্সট্রুমেন্ট, এসি স্থাপন ও রক্ষণাবেক্ষণ, অগ্নি নির্বাপন যন্ত্র স্থাপন ও পরিচালনা ও পিএবিএক্স পরিচালনার কাজ সম্পন্ন করা হয়ে থাকে।

দপ্তরের কার্যাবলীর বিবরণ:

প্রকল্পভুক্ত নতুন পূর্তকাজ এবং রাজস্ব বাজেটের আওতায় পূর্ত মেরামত ও রক্ষণাবেক্ষণ, পানি বিশুদ্ধকরণ প্লান্ট পরিচালনা ও সরবরাহ, বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সাব-স্টেশন পরিচালনা, ইন্সট্রুমেন্ট, এসি স্থাপন ও রক্ষণাবেক্ষণ, অগ্নি নির্বাপন যন্ত্র স্থাপন ও পরিচালনা ও পিএবিএক্স পরিচালনার কাজ সম্পন্ন করে সেবা প্রদান করা হয়।

কর্মকর্তা

- : প্রকৌশলী এ. বি. এম. মামুনের রশিদ, পিইঞ্জ, প্রধান প্রকৌশলী
- প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার
- প্রকৌশলী জি. এম. মাহফুজুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী
- শেখ আবু হায়াত, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- প্রকৌশলী মোঃ আসলাম পারভেজ, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)
- প্রকৌশলী সবুজ সরকার, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)
- খোন্দকার আবু মোহাম্মদ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)
- মোঃ জাহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- মোঃ গোলাম কিবরিয়া, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- মোড়ল সাহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সিভিল)
- প্রকৌশলী মোঃ রুমেন রায়হান, সহকারী প্রকৌশলী (সিভিল)
- প্রকৌশলী মোঃ জোহুর-উজ-জামান, সহকারী প্রকৌশলী (সিভিল)
- শেখ মোঃ তারিকুল আলম, সহকারী প্রকৌশলী (সিভিল)
- হীরামনি শাহীতাজ, সেকশন অফিসার (গ্রেড-১)
- মোঃ মশিউল ইসলাম, সেকশন অফিসার (গ্রেড-১)
- মোঃ বেলাল হোসেন, সেকশন অফিসার (গ্রেড-১)
- মোঃ ওমর ফারুক, সহকারী প্রোগ্রামার
- মোঃ হাফিজুর রহমান, সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার
- মোঃ আবুল হাসান, সহকারী টেকনিক্যাল অফিসার
- মোঃ মিজানুর রহমান, সহকারী টেকনিক্যাল অফিসার
- নূর মোহাম্মদ বিশ্বাস, সহকারী টেকনিক্যাল অফিসার
- মোঃ মুরাদ হোসেন, জুনিয়র ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স)
- মোঃ আসাদুল হক, সেকশন অফিসার (গ্রেড-২)

কর্মচারীর সংখ্যা

: ৩৮ জন

প্রধান চিকিৎসা কর্মকর্তার কার্যালয়

দপ্তরের সংক্ষিপ্ত বিবরণ :

- ক) সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের এবং তাঁদের নির্ভরশীল ব্যক্তিবর্গের চিকিৎসা করা।
- খ) কিছু প্যাথলজি টেস্ট করা।
- গ) জরুরী অসুস্থ রোগীর জন্য এ্যাম্বুলেন্সের মাধ্যমে স্থান্তর করা।
- ঘ) অসুস্থ শিক্ষার্থীদের সিক বেডে পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা।
- ঙ) মেডিকেল সেন্টারে চিকিৎসা কার্যক্রম সার্বক্ষণিকভাবে চলমান রাখা।
- চ) কিছু জরুরী ঔষধ বিনামূল্যে শিক্ষার্থীদেরকে দেওয়ার ব্যবস্থা করা।
- ছ) সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে ফিট ও আনফিট মেডিকেল সনদ দেওয়ার ব্যবস্থা করা।

কর্মকর্তা

- : ডাঃ রিফাত সুলতানা শেলী, চীফ মেডিকেল অফিসার
ডাঃ মোঃ রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান চিকিৎসা কর্মকর্তা
ডাঃ মোঃ জসিম উদ্দিন, অতিরিক্ত প্রধান চিকিৎসা কর্মকর্তা
ডাঃ এস, এম, আরিফ ইফতেখার, উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা
ডাঃ ফয়সাল মোঃ আরিফুল ইসলাম, সিনিয়র মেডিকেল অফিসার
ডাঃ মোঃ কামাল উদ্দিন, মেডিকেল অফিসার
ডাঃ মোঃ আব্দুর রহিম, সহকারী মেডিকেল অফিসার
ডাঃ ফাতেমা তুজ জোহরা, সহকারী মেডিকেল অফিসার
রুনা লায়লা, সিনিয়র নার্স
মোঃ আমিরুল ইসলাম, সহকারী মেডিটেক অফিসার
দীপালিতা ভৌমিক, নার্স
কৃতান্ত কুমার শীল, নার্স
কাজী মঈন উদ্দিন, সেকশন অফিসার (গ্রেড-২)
মোঃ মিজানুর রহমান, সিনিয়র কম্পাউন্ডার (গ্রেড-১)

কর্মচারীর সংখ্যা

: ০৩ জন

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার ও আইসিটি সেল

দপ্তরের সংক্ষিপ্ত বিবরণ:

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং প্রশাসনিক কাজে অত্যাধুনিক কম্পিউটিং, নেটওয়ার্কিং এবং নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদান করার লক্ষ্যে কাজ করে। ক্যাম্পাস-ব্যাপী বিস্তৃত অপটিক্যাল ফাইবারের ব্যাকবোন নেটওয়ার্কের মাধ্যমে উচ্চগতির ইন্টারনেট সেবা প্রদান করা ছাড়াও কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার বিভিন্ন প্রকার সফটওয়্যারগত এবং হার্ডওয়্যারগত সমস্যার সমাধানও করে থাকে।

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার তড়িৎ ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের তত্ত্বাবধানে ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয়। বেল্লিমকো থেকে অনুদানপ্রাপ্ত মাত্র ছয়টি আইবিএম ডেস্কটপ কম্পিউটার দিয়ে যাত্রা শুরু হয়। ২০০৬ সালে সেবার মান আরোও উন্নত করার লক্ষ্যে এটিকে একটি স্বতন্ত্র বিভাগে পরিণত করা হয় এবং একটি সংস্কারকৃত ভবনে প্রতিস্থাপিত করা হয়। ২০১৬ সালে, বিশ্ববিদ্যালয়ের আইসিটি পরিসেবার মান আরোও উন্নত করতে এবং বিশ্ববিদ্যালয়ের প্রচলিত অন্যান্য বিভিন্ন পরিসেবা স্বয়ংক্রিয়করণে ভূমিকা রাখার উদ্দেশ্যে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার-এর সাথে নবগঠিত একটি আইসিটি সেল সংযুক্ত করা হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এবং আইসিটি সেলের সার্বিক কার্যাবলী একজন চেয়ারম্যান এর তত্ত্বাবধানে পরিচালিত হয়।

বর্তমানে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার সার্বক্ষণিক (২৪/৭) কম্পিউটিং এবং নেটওয়ার্কিং সেবা প্রদান করার পাশাপাশি সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত হার্ডওয়্যারগত এবং সফটওয়্যারগত পরিসেবাগুলো প্রদান করে থাকে (জরুরী ক্ষেত্রে এই সময়ের বাইরেও উল্লেখিত সেবাসমূহ প্রদান করার ব্যবস্থা রয়েছে)। কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিরেন) থেকে গৃহীত ০২ জিবিপিএস ব্যান্ডউইডথের উচ্চগতির ব্রডব্যান্ড সংযোগ (বিকল্প সংযোগসহ) রয়েছে। একাডেমিক এরিয়ায় সংযোগের পাশাপাশি ক্যাম্পাস-ব্যাপী বিস্তৃত অপটিক্যাল ফাইবারের ব্যাকবোন নেটওয়ার্কের মাধ্যমে ক্যাম্পাস এরিয়া নেটওয়ার্ক ছাত্র-ছাত্রীদের আবাসিক হল এবং শিক্ষক ও কর্মকর্তাদের আবাসিক এলাকায় সম্প্রসারিত করা হয়েছে। কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে কোর সুইচ, ডিস্ট্রিবিউশন সুইচ, এক্সেস সুইচ, রাউটার এবং ফায়ারওয়ালের মতো অত্যাধুনিক নেটওয়ার্কিং সরঞ্জামাদি দিয়ে গঠিত একটি অত্যাধুনিক আইটি অবকাঠামো রয়েছে। বর্তমানে পাঁচ হাজারেরও বেশি ব্যবহারকারীর একসাথে ব্যবহার করার উপযোগী ওয়াই-ফাই সংযোগসহ লোকাল এরিয়া নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে প্রায় ৪৫০০ নেটওয়ার্ক নোড রয়েছে। যার মাধ্যমে শিক্ষার্থী, শিক্ষক এবং কর্মকর্তাদের লোকাল এরিয়া নেটওয়ার্ক এর মাধ্যমে ইন্টারনেট পরিসেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়া সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা তাদের ব্যক্তিগত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে সুরক্ষিত ওয়াই-ফাই সেবা গ্রহণ করে থাকেন। অদূর ভবিষ্যতে ওয়াই-ফাই পরিসেবা আরো উন্নত ও স্মার্ট করার পরিকল্পনা রয়েছে।

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের বিশ্ববিদ্যালয়ের চাহিদা অনুযায়ী বিভিন্ন অ্যাপ্লিকেশনের পরিকল্পনা, বাস্তবায়ন, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ প্রকৌশলীদের সমন্বয়ে গঠিত একটি সফটওয়্যার সাপোর্ট টিম রয়েছে। এছাড়াও বিভিন্ন একাডেমিক এবং প্রশাসনিক বিভাগের প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং নেটওয়ার্ক বিষয়ক যাবতীয় সহায়তা প্রদান করার জন্য সুদক্ষ টেকনিশিয়ান এবং প্রকৌশলীদের সমন্বয়ে গঠিত বিশেষজ্ঞ টিম রয়েছে।

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের অধীনে ৬০ জনের বেশি অংশগ্রহণকারীর ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে শিক্ষা/প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থাসহ একটি সুসজ্জিত ডিস্ট্যান্স লার্নিং থিয়েটার রয়েছে।

এছাড়া এই দপ্তরের অধীনে ৩২টি উইন্ডোজ ভিত্তিক হাই-ডেফিনেশন কম্পিউটারসহ একটি হাই ডেফিনেশন ভিজুয়াল কম্পিউটিং এন্ড মাল্টিমিডিয়া ল্যাব রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাগণ থিসিস, গবেষণা, বিভিন্ন গেমিং প্রতিযোগিতা, প্রশিক্ষণ প্রোগ্রাম এবং বিভিন্ন ডিজাইন ও ড্রয়িং প্রতিযোগিতাসহ আরো নানা গঠনমূলক কাজের জন্য এই ল্যাব ব্যবহার করতে পারেন। ৩০টি কম্পিউটারসহ আরো একটি উইন্ডোজ ভিত্তিক প্রোগ্রামিং ল্যাব রয়েছে যাতে বিভিন্ন বিভাগের

শিক্ষার্থীদের প্রোগ্রামিং সেশনাল ক্লাস পরিচালিত হয়। কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার একটি স্বয়ংসম্পূর্ণ ডাটা সেন্টার রয়েছে যেখানে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, ডিএনএস সার্ভার, পেইন্ট সিস্টেম, একাডেমিক সিস্টেম, হল সিস্টেম, ইউটিলিটি পরিষেবা, পরিবহন পরিষেবা এবং অন্যান্য স্বয়ংক্রিয় পরিষেবাগুলি হোস্ট করার জন্য ২৬টি উচ্চ কনফিগারেশনের সার্ভার কম্পিউটার রয়েছে। সার্ভার পরিচালনা ও নিরীক্ষণ করার জন্য সার্ভার র‍্যাক সমূহে কেভিএম সুইচ সংযুক্ত রয়েছে। এছাড়াও একাডেমিক বিভিন্ন বিভাগগুলি গবেষণার উদ্দেশ্যে প্রয়োজনীয় সার্ভিসসমূহ ডেটাসেন্টারের সার্ভারে ইন্সটল/হোস্ট করতে পারে।

চেয়ারম্যান: প্রফেসর ড. মোঃ আরাফাত হোসেন

দপ্তরের কার্যাবলীর বিবরণ:

- ক) অত্র বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসব্যাপী ইন্টারনেট সেবা প্রদান (ল্যানসহ ওয়াই-ফাই), হার্ডওয়্যার ও সফটওয়্যার ট্রাবল শ্যুটিং।
- খ) বিভিন্ন অনুষ্ঠানের চাহিদা অনুযায়ী আইটি সাপোর্ট প্রদান।
- গ) সার্ভার রুমের সার্ভার ও নেটওয়ার্ক সংক্রান্ত যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণ ও মনিটরিং করা।
- ঘ) শিক্ষক, কর্মকর্তা ও ছাত্র-ছাত্রীদের ইমেইল সেবা প্রদান।
- ঙ) প্রয়োজন অনুযায়ী সফটওয়্যার ডেভেলপমেন্ট করা।
- চ) ওয়েবসাইট মেইন্টেন্যান্স ও আপগ্রেডেশন।
- ছ) বিভিন্ন বিভাগের সেশনাল ক্লাসে কম্পিউটার সেন্টারের ল্যাবে পরিচালিত হয়।
- জ) শিক্ষক এবং ছাত্র-ছাত্রীদের গবেষণা কাজ পরিচালনার জন্য হাই ডেফিনেশন ভিজুয়াল কম্পিউটিং এন্ড মাল্টিমিডিয়া ল্যাব পরিচালিত হয়।
